

গুমে জড়িত ভারতীয় গোয়েন্দা সংস্থা!

গুম কমিশনের প্রতিবেদন

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশে গুম এখন শুধু একটি অভ্যন্তরীণ ইস্যু নয়, বরং তা আন্তর্জাতিক পরিসরে পৌঁছে গেছে *৬-এর পৃষ্ঠায় দেখুন*

“আমি যুদ্ধ থামালাম, তবু নোবেল নয়!” ট্রাম্পের আক্ষেপে



বাংলা পত্রিকা রিপোর্ট: নাবেল শান্তি পুরস্কার না পাওয়া নিয়ে আবারও প্রকাশ্যে আক্ষেপ ও ক্ষোভ ঝাড়লেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আফ্রিকায় বহু বছরের রক্তক্ষয়ী সংঘাত নিরসনে ভূমিকা রাখার দাবি তুলে *৬-এর পৃষ্ঠায় দেখুন*

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

পথচলায় ২৯ বছর

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 38 / June 23, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৩৮ ॥ সোমবার, জুন ২৩, ২০২৫, আষাঢ় ১০, ১৪৩২ ॥ জিলহজ্ব ২৬, ১৪৪৬

মঙ্গলবার নিউইয়র্ক সিটির প্রাইমারী নির্বাচন মেয়র পদের লড়াইয়ে কুওমো-মামদানী

কে হাসবেন জয়ের হাসি

সালাহউদ্দিন আহমেদ: মঙ্গলবার, ২৪ জুন নিউইয়র্ক সিটির প্রাইমারী নির্বাচন। নির্বাচনে ডেমোক্র্যাট দলীয় মেয়র পদের পাশাপাশি অন্যান্য আসনেও নির্বাচন অনুষ্ঠিত হবে। এদিন সকাল ৬টা থেকে সন্ধ্যা ৯টা পর্যন্ত সিটির বিভিন্ন কেন্দ্রে একটানা ভোট গ্রহণ চলবে। এই নির্বাচনে গত ১৪ জুন থেকে শুরু হওয়া রোববার (২২ জুন) শেষ হয়েছে। 'র‍্যাঙ্কড চয়েজ'-এ অনুষ্ঠিতব্য মেয়র পদের প্রাইমারী নির্বাচনে ১১জন মেয়র প্রার্থীর মধ্যে মূল প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন সাবেক ষ্টেট গভর্নর অ্যান্ড্রু কুওমো ও স্টেট অ্যাসেম্বলীম্যান জোহরান মামদানী। এছাড়াও ডেমোক্র্যাট দলীয় অন্যান্য যারা প্রার্থী হয়েছেন তাদের মধ্যে রয়েছেন- ষ্টেট *১১-এর পৃষ্ঠায় দেখুন*



জোহরান মামদানী ও এন্ড্রু কুওমো

নিউইয়র্কসহ ২৮ স্টেটে জীবনঘাতী তাপদাহ



- ১৪৭ মিলিয়ন মানুষ ঝুঁকিতে
- ১৯৫২ সালের পর রেকর্ড গরম নিউইয়র্কে
- বেশ কয়েকটি স্টেটে সতর্কতা জারী
- পাবলিক লাইব্রেরী, মুভি থিয়েটারসহ কুলিং স্থানে বিশ্রামের পরামর্শ

বাংলা পত্রিকা রিপোর্ট: চলতি গ্রীষ্মের শুরুতেই নিউইয়র্কসহ যুক্তরাষ্ট্রের পূর্ব ও মধ্যাঞ্চলজুড়ে ভয়াবহ ও জীবনঘাতী তাপদাহে মারাত্মক ঝুঁকিতে ২৮ স্টেটের দেড়শ কোটি মানুষ। জাতীয় আবহাওয়া সংস্থা (ন্যাশনাল ওয়েদার সার্ভিস) জানিয়েছে, এই তাপপ্রবাহে অন্তত ২৮টি স্টেটে ১৪৭ মিলিয়নেরও বেশি মানুষ কোনও না কোনও মাত্রার তাপ সতর্কতার অধীনে রয়েছে।

এই গরমের ঢেউয়ে নিউইয়র্ক সিটি, ওয়াশিংটন ডিসি, ফিলাডেলফিয়া, নিউ হ্যাভেন, প্রভিডেন্স, *৮-এর পৃষ্ঠায় দেখুন*

নিউইয়র্কসহ যুক্তরাষ্ট্রজুড়ে ব্যাপক বিক্ষোভ

ইরানের ক্ষমতা পরিবর্তনের ইঙ্গিত ট্রাম্পের

ইরান কীভাবে প্রতিশোধ নিতে পারে

বাংলা পত্রিকা ডেস্ক: প্রায় এক সপ্তাহের বেশি সময় ধরে ইসরায়েল ইরানের ওপর বোমা হামলা চালানোর পর অবশেষে যুক্তরাষ্ট্রও সরাসরি সংঘাতে জড়িয়েছে। তারা ইরানের পারমাণবিক স্থাপনাগুলোতে আঘাত হেনেছে। এখন যুক্তরাষ্ট্রকে ইরানের প্রতিক্রিয়ার জন্য প্রস্তুত থাকতে হচ্ছে। এই প্রতিক্রিয়া খুব শিগগির আসতে পারে বলে মনে করা হচ্ছে। যুক্তরাষ্ট্রের হামলার পর ইরানী টেলিভিশনের এক উপস্থাপক মন্তব্য করেছেন, 'মি. ট্রাম্প, আপনি শুরু করেছেন, শেষ করবো আমরা।'

এখন প্রশ্ন হচ্ছে, ইরান কীভাবে প্রতিশোধ নিতে পারে? সবচেয়ে সম্ভাব্য যে জবাবটি আসতে *৯-এর পৃষ্ঠায় দেখুন*

হামলার পরিকল্পনা গোপন রাখতে যে কৌশল নিয়েছিলেন ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক: ইরানের ওপর সামরিক হামলার পরিকল্পনা চূড়ান্ত করার সময়, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প একটি কৌশলী নির্দেশ দেন তাঁর শীর্ষ উপদেষ্টাদের। ট্রাম্প চেয়েছিলেন– গণমাধ্যম যেন জানায়, ইরানের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হবে কি না, সে বিষয়ে তিনি সিদ্ধান্ত নেবেন আগামী দুই সপ্তাহের মধ্যে। বাস্তবিক অর্থে, এই সময়সীমা ছিল বিভ্রান্তিমূলক– হামলার প্রকৃত পরিকল্পনা গোপন রাখাই ছিল এর উদ্দেশ্য। ট্রাম্পের ঘনিষ্ঠ কয়েকটি সূত্র এ তথ্য নিশ্চিত করেছে।

সূত্র জানায়, গণমাধ্যমে ইরানে হামলার সম্ভাব্য তারিখ ও *৬-এর পৃষ্ঠায় দেখুন*

কুইন্সে সাবওয়ে ট্রেনে মুসলিম নারী হামলার শিকার



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের কুইন্সের সাবওয়ে ট্রেনে আবারো এক মুসলিম নারী হেইট ক্রাইমের শিকার হয়েছেন। সাবওয়ের ই ট্রেনে মুসলিম পরিচয়দানকারী ওই নারীকে ৩৪ বছর বয়সী এক ব্যক্তি মারধর করে গুরুতর আহত করেন।

এ ঘটনায় শুক্রবার অভিযুক্ত নাভেদ দুর্নি নামে এক ব্যক্তির বিরুদ্ধে ঘৃণা-প্রসূত (হেইট ক্রাইমের) অপরাধের অভিযোগ গঠন করা হয়েছে। কুইন্স জেলা অ্যাটর্নি মেলিন্ডা ক্যাটজ এই তথ্য নিশ্চিত করেন।

মামলার প্রসিকিউটরদের বরাতে জানা গেছে, বুধবার ভোর ৪টার দিকে ফরেস্ট হিলস এলাকার ৭৫তম অ্যাভিনিউ স্টেশনের কাছে কুইন্সগামী সাবওয়ে ই ট্রেনে ওই নারীকে মারধর করে *১১-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

যুদ্ধে জড়ানো হবে যুক্তরাষ্ট্রের 'ভয়ংকর ভুল': সাবেক সিআইএ প্রধান

বাংলা পত্রিকা ডেস্ক: ইরানে আক্রমণ করলে যুক্তরাষ্ট্র একটি আঞ্চলিক যুদ্ধে জড়িয়ে পড়বে, এ বিষয়ে কোনো সন্দেহ নেইড়এমন সতর্কবার্তা দিয়েছেন আমেরিকান গোয়েন্দা সংস্থা সিআইএর সাবেক পরিচালক লিওন প্যানেটা।

গোয়েন্দা সংস্থার সাবেক প্রধান বলেছেন, দুই দশক আগে ইরাকে হামলা করে যুক্তরাষ্ট্র 'ভয়ংকর ভুল' করেছিল।



৬-এর পৃষ্ঠায় দেখুন

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▸ প্রাইভেট অকশনের বাড়ি
▸ পাবলিক অকশনের বাড়ি
▸ ব্যাংক মালিকানা বাড়ি
▸ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

জাতীয় সনদ নিয়ে ঐকমত্যে উত্তপ্ত রাজনীতি

বাংলা পত্রিকা ডেস্ক: জাতীয় সনদ নিয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে একদিকে যখন ঐকমত্যের খোঁজ চলছে, অন্যদিকে তা ঘিরেই জমে উঠেছে নতুন উত্তাপ। আগামী দিনের রাষ্ট্র কাঠামো, নির্বাচন ব্যবস্থা ও সংবিধান সংস্কারের প্রতিশ্রুতি ঘিরে যে আলোচনার সূচনা হয়েছিল, তা এখন রূপ নিচ্ছে তীব্র মতভেদ ও কৌশলগত অবস্থানের লড়াইয়ে।

আওয়ামী লীগ সরকারের পতনের পর দেশে গণতান্ত্রিক উত্তরণ ও রাষ্ট্র সংস্কারের ধারাবাহিকতায় জুলাই মাসে জাতীয় সনদ স্বাক্ষরের প্রস্তুতি চলছে। সনদটিতে রাজনৈতিক সংস্কারসহ রাষ্ট্র পরিচালনার বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত থাকবে বলে জানা গেছে।

জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি আলী রীয়াজ এই প্রতিবেদককে বলেন, রাজনৈতিক দলগুলোর ঐকমত্যের ভিত্তিতে জাতীয় সনদ প্রস্তুত হচ্ছে, যার বাস্তবায়নে দলগুলো প্রতিশ্রুতিবদ্ধ থাকবে।

তিনি বলেন, "ভবিষ্যতের বাংলাদেশে রাষ্ট্র, সরকার, শাসনব্যবস্থা, দুর্নীতি, নির্বাচনব্যবস্থা ইত্যাদি বিষয়ে ছয়টি কমিশনের রিপোর্টের আলোকে দলগুলো যে যে বিষয়ে একমত হবে, সেগুলো সনদে তালিকাভুক্ত থাকবে।"

"এটি একটি অঙ্গীকারনামা যেখানে দলগুলো সংবিধান ও আইন সংশোধনসহ প্রয়োজনীয় সব পদক্ষেপ নেওয়ার প্রতিশ্রুতি দেবে," বলেন তিনি।

গণতান্ত্রিক উত্তরণে সনদের কার্যকারিতা নিয়ে জানতে চাইলে যুক্তরাষ্ট্রের ইলিনয় স্টেট ইউনিভার্সিটির রাজনীতি ও সরকার বিভাগের এই অধ্যাপক বলেন, "বাংলাদেশে গত ১৬ বা ৫৩ বছর ধরে সবচেয়ে বড় সংকট হলো শক্তিশালী প্রতিষ্ঠান গড়ে না ওঠা, জবাবদিহিতার অভাব এবং দুর্নীতির বিস্তার।"

"নির্বাচন ব্যবস্থাও ছিল প্রশ্নবিদ্ধ, বারবার জালিয়াতির অভিযোগ উঠেছে। এই সনদ সেই প্রতিবন্ধকতা দূর করার একটি প্রস্তাব।"



সংবিধানে কী পরিবর্তন আসতে পারে?

সংবিধান পরিবর্তনের প্রসঙ্গে আলী রীয়াজ বলেন, "রাজনৈতিক দলগুলো একমত হলে সংবিধান, আইন ও অন্যান্য বিধিতে যেসব সংশোধন প্রয়োজন, তা করা হবে। এটি সংবিধানে বড় রকম প্রভাব ফেলবে।"

এক উদাহরণ দিয়ে তিনি বলেন, "৭০ অনুচ্ছেদে এখন যে বাধ্যবাধকতা রয়েছে, সেখান থেকে ব্যতিক্রম হিসেবে আস্থা ভোট ও অর্থ বিল বাদে সংসদ সদস্যরা নিজ বিবেচনায় ভোট দিতে পারবেন এমন একটি ঐকমত্যে পৌঁছানো গেছে। এটি একটি বড় ধরনের গণতান্ত্রিক সংস্কার।"

বাস্তবায়ন কীভাবে?

জাতীয় সনদ বাস্তবায়নের রূপরেখা তুলে ধরে আলী রীয়াজ বলেন, "যেসব পরিবর্তন সংবিধান সংশোধনের মাধ্যমে আনতে হবে, সেগুলো সংসদ গঠনের পর সংশ্লিষ্ট সংসদের মাধ্যমে করা হবে।"

তবে তিনি বলেন, "এর বাইরেও বাস্তবায়নের পদ্ধতি আছে যেমন কর্মপরিকল্পনার ভিত্তিতে বা নির্বাচনের আগে প্রার্থীদের কাছ থেকে সনদের প্রতিশ্রুতি নেওয়া যেতে পারে। এমনকি শর্ত দেওয়া যেতে পারে, সনদে একমত না হলে কেউ নির্বাচনে অংশ নিতে পারবে না।"

রাজনৈতিক দলগুলোর প্রতিক্রিয়া

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, "জুলাইয়ের মধ্যে সনদে স্বাক্ষর করে দেশের ভবিষ্যতের গন্তব্য নির্ধারণ করতে চাই। সংবিধানের ৭০ অনুচ্ছেদের বিষয়ে দুটি বিষয়ে ঐক্যমত হয়েছে আস্থা ভোট ও অর্থ বিল। বাকি বিষয়ে সংসদ সদস্যরা স্বাধীনভাবে ভোট দিতে পারবেন।"

তিনি বলেন, "সংসদীয় স্থায়ী কমিটিগুলোর সভাপতি পদ বিরোধী দল পাবে আসনসংখ্যা অনুযায়ী। এটিও গুরুত্বপূর্ণ অগ্রগতি।"

গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি এই প্রতিবেদককে বলেন, "যেসব বিষয়ে রাজনৈতিক দলগুলো একমত হবে, সেগুলো জাতীয় সনদে অন্তর্ভুক্ত হবে। যেগুলোতে ভিন্নমত থাকবে, সেগুলো ইশতেহারে থাকবে।"

তিনি বলেন, "৭০ অনুচ্ছেদ, দ্বি-কক্ষ বিশিষ্ট সংসদ, বিচার বিভাগের স্বাধীনতা, স্থানীয় সরকার, নারীর প্রতিনিধিত্ব ইত্যাদি বিষয়ে নূন্যতম ঐকমত্য হলে রাষ্ট্র ও সরকার কাঠামোয় গুণগত পরিবর্তন সম্ভব।"

জাতীয় নাগরিক পার্টিএনসিপির যুগ্ম সদস্য সচিব মুশফিক উস সালেহীন বলেন, "আমরা মৌলিক সংস্কারের একটি প্রস্তাব দিয়েছি, যেখানে ক্ষমতা কাঠামোর পুনর্বিন্যাস, সাংবিধানিক প্রতিষ্ঠানের স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়া এবং নির্বাহী, আইন ও বিচার বিভাগের ভারসাম্য তৈরির প্রস্তাব রয়েছে।"

কমিউনিস্ট পার্টি-সিপিবির সাধারণ সম্পাদক রুহিন হোসেন প্রিন্স বলেন, "আমরা মনে করি, মৌলিক পরিবর্তন ছাড়া জনগণের স্বার্থ পূরণ সম্ভব নয়। তবে যেটুকু ঐকমত্য আসবে, সেটাই জাতীয় সনদে আসুক, এটাও অগ্রগতি।"

গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খাঁন বলেন, "এটি অত্যন্ত ইতিবাচক উদ্যোগ। আমরা স্বাক্ষর করব, অন্য দলগুলোও করবে। রাষ্ট্র পরিচালনার নীতিমালা হিসেবে আমরা জাতীয় সনদকে দেখছি।"

সংবিধান সংশোধন কীভাবে?

সংবিধান সংশোধনের প্রক্রিয়া নিয়ে জানতে চাইলে সুপ্রিম কোর্টের আইনজীবী জ্যোতির্ময় বড়ুয়া এই প্রতিবেদককে বলেন, "সংবিধান সংস্কার করতে হলে সাংবিধানিক ম্যান্ডেট অনুসরণ করতে হবে। সনদটি হচ্ছে একটি প্রত্যাশার দলিল, রাষ্ট্রকে কোন পথে পরিচালিত করা হবে সেই নির্দেশনা।"

তিনি বলেন, "পরবর্তী সরকারগুলো এই পরিবর্তনগুলো কীভাবে বাস্তবায়ন করবে তা সময়ই বলবে। ইতিবাচক দিক হলো যদি প্রয়োগের মাধ্যমে বাস্তব পরিবর্তন দেখা যায়।"

তবে এই সনদের আইনগত অবস্থান নিয়ে সংশয় প্রকাশ করেন আইনজীবী ও সংবিধান বিশেষজ্ঞ শাহদীন মালিক।

তিনি বলেন, "ধরুন, দলগুলো সনদে স্বাক্ষর করল। নির্বাচনের পর প্রধানমন্ত্রী বললেন সংবিধান সংশোধন করতে হবে, কিন্তু সংসদ সদস্যরা তাতে রাজি না হলেন। তখন কী হবে?"

তিনি বলেন, "সনদটা কোনো আইনসিদ্ধ দলিল নয়, এটি একটি নৈতিক অঙ্গীকারমাত্র। এর বাস্তবায়ন নির্ভর করছে রাজনৈতিক সদিচ্ছার ওপর।"



প্রধানমন্ত্রী পদে সর্বোচ্চ ১০ বছর

অধিকাংশ দলের ঐকমত্য, ভিন্নমত বিএনপি'র

- চূড়ান্ত সিদ্ধান্তের আগে দলগুলোকে ফোরামে আলোচনার আহ্বান
- সংবিধানের মূলনীতিতে 'সাম্য', 'মানবিক মর্যাদা', 'গণতন্ত্র' ও 'সামাজিক সুবিচার' যুক্তের প্রস্তাব
- কমিশনের পরবর্তী ধাপেও বৃহত্তর ঐকমত্য গঠনের চেষ্টা
- জামায়াতসহ কয়েকটি দলের সম্মতি, বাম দলগুলোর আপত্তি

বাংলা পত্রিকা ডেস্ক: জাতীয় ঐকমত্য কমিশনের চলমান সংলাপে প্রধানমন্ত্রী পদে সর্বোচ্চ ১০ বছর মেয়াদের প্রস্তাবে অধিকাংশ রাজনৈতিক দল একমত হয়েছে। জামায়াতে ইসলামী, গণ-অধিকার পরিষদ, গণ-সংহতি আন্দোলন, জাতীয় নাগরিক পার্টি ও ইসলামী আন্দোলন বাংলাদেশসহ বেশিরভাগ দলের সমর্থন থাকলেও বিএনপি, এলডিপির একটি অংশ এবং এনডিএম এই প্রস্তাবের বিরোধিতা করেছে। ফলে এখনো এ বিষয়ে চূড়ান্ত ঐকমত্যে পৌঁছানো সম্ভব হয়নি।

রোববার রাজধানীর বেইলি রোডের ফরেন সার্ভিস একাডেমিতে কমিশনের দ্বিতীয় ধাপের পঞ্চম দিনের বৈঠক শেষে এ তথ্য জানান কমিশনের সহ-সভাপতি ড. আলী রীয়াজ। তিনি বলেন, 'প্রধানমন্ত্রীর সর্বোচ্চ মেয়াদ নিয়ে অধিকাংশ দল একমত হলেও বিএনপি ও আরও দুটি দলের ভিন্ন মত রয়েছে। ফলে আলোচনার পরবর্তী ধাপে বৃহত্তর ঐকমত্য গঠনের লক্ষ্যে দলগুলোকে নিজেদের মধ্যে আলোচনা করতে বলা হয়েছে।'

বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেন, "আমরা প্রস্তাব করেছি, কেউ যেন পরপর দুই মেয়াদের বেশি প্রধানমন্ত্রী না হতে পারেন। একই সঙ্গে আলোচনা হওয়া উচিতড়একজন ব্যক্তি সর্বোচ্চ কত বছর প্রধানমন্ত্রী থাকতে পারবেন।" তিনি জানান, বিষয়টি এখনো দলীয় ফোরামে চূড়ান্ত আলোচনার অপেক্ষায় রয়েছে।

তিনি আরও বলেন, "প্রধানমন্ত্রীর মেয়াদ, জাতীয় সাংবিধানিক কাউন্সিল (এনসিসি) এবং উচ্চকক্ষ– এই তিনটি ইস্যু একে অপরের সঙ্গে সম্পর্কিত। তাই এগুলোর ওপর সমন্বিত আলোচনা হলে সিদ্ধান্তে পৌঁছানো সহজ হবে।"

আলোচনায় সংবিধানের মূলনীতিও আলোচনায় এসেছে। প্রস্তাব করা হয়েছে, 'সাম্য', 'মানবিক মর্যাদা', 'গণতন্ত্র' এবং 'সামাজিক সুবিচার'কে সংবিধানের মূলনীতি হিসেবে অন্তর্ভুক্ত করার। বিএনপি তাদের অবস্থান স্পষ্ট করে জানিয়ে বলেছে, তারা সংবিধানের ১৫তম সংশোধনী বাতিল করে মূলনীতিতে 'আল্লাহর ওপর আস্থা ও বিশ্বাস' সহ আরও চারটি মূল্যবোধ সংযোজনের পক্ষে।

জামায়াতে ইসলামীর নায়েবে আমীর ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের জানান, "একজন ব্যক্তি যেন জীবদ্দশায় ১০ বছরের বেশি সময় প্রধানমন্ত্রী না থাকতে পারেনড়এ প্রস্তাবে আমরা একমত। সংবিধানের মূলনীতি নিয়ে কমিশনের প্রস্তাবও আমরা সমর্থন করছি।"

গণ-অধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর বলেন, "প্রধানমন্ত্রীর মেয়াদ নির্ধারণের পক্ষে অধিকাংশ দলের ঐক্যমত স্পষ্ট। তবে কয়েকটি দলের ভিন্নমতের কারণে মেয়াদসংক্রান্ত প্রস্তাব নিয়ে আরও আলোচনা প্রয়োজন।"

আগামী দুই দিনের মধ্যে অংশগ্রহণকারী দলগুলো দলীয়ভাবে আলোচনা করে তাদের চূড়ান্ত অবস্থান জানাবে বলে জানানো হয়েছে। এরপরই কমিশনের পক্ষ থেকে এ বিষয়ে চূড়ান্ত প্রস্তাব উপস্থাপন করা হবে।



ইরান ইস্যুতে ট্রাম্পের সঙ্গে মতপার্থক্য: গণমাধ্যমকে দুষলেন তুলসি গ্যাবার্ড

বাংলা পত্রিকা রিপোর্ট: ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বক্তব্যের কয়েক ঘণ্টার মধ্যে ডিরেক্টর অব ন্যাশনাল ইন্টেলিজেন্স (ডিএনআই) তুলসি গ্যাবার্ড অভিযোগ করেছেন, কিছু গণমাধ্যম তাঁর বক্তব্যকে 'বিকৃত' করে উপস্থাপন করছে, যেন তাঁর সঙ্গে ট্রাম্পের স্পষ্ট মতবিরোধ রয়েছে।

এক্স (সাবেক টুইটার)-এ দেওয়া এক পোস্টে গ্যাবার্ড বলেন, 'অসৎ মিডিয়া ইচ্ছাকৃতভাবে আমার বক্তব্যকে প্রসঙ্গ থেকে বিচ্ছিন্ন করেছে এবং ভুয়া খবর ছড়িয়ে বিভেদ সৃষ্টি করতে চাচ্ছে।' পোস্টটিতে তিনি ক্যাপিটল হিলে দেওয়া তাঁর সাক্ষ্যের একটি ভিডিও ক্লিপও শেয়ার করেন।

গ্যাবার্ড স্পষ্ট করে বলেন, 'যুক্তরাষ্ট্রের কাছে গোয়েন্দা তথ্য রয়েছে যে ইরান কয়েক সপ্তাহ থেকে কয়েক মাসের মধ্যে পারমাণবিক অস্ত্র তৈরি করতে সক্ষম হতে পারে। প্রেসিডেন্ট ট্রাম্প এই বিষয়ে তাঁর উদ্বেগ প্রকাশ করেছেন, এবং আমি তাঁর অবস্থানের সঙ্গে একমত।'

এর আগে মার্চ মাসে ক্যাপিটল হিলে দেওয়া সাক্ষ্যে গ্যাবার্ড বলেছিলেন, ইরান বর্তমানে পারমাণবিক অস্ত্র তৈরি করছে না এবং দেশটির সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি ২০০৩ সালে যে কর্মসূচি স্থগিত করেছিলেন, তা পুনরায় চালুর কোনো অনুমোদন এখনো দেননি এই বিষয়ে যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থাগুলো এখনো তাদের মূল্যায়ন চালিয়ে যাচ্ছে।

এদিকে, সিএনএনের এক প্রতিবেদনে বলা হয়, যুক্তরাষ্ট্রের গোয়েন্দা বিশ্লেষণ অনুযায়ী, ইরান পারমাণবিক অস্ত্র উৎপাদনের পূর্ণ সক্ষমতা অর্জন থেকে এখনও প্রায় তিন বছর দূরে। এই তথ্য চারজন সংশ্লিষ্ট সূত্র নিশ্চিত করেছেন, যারা ওই মূল্যায়নের সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত।

একই সময়, আন্তর্জাতিক পারমাণবিক শক্তি সংস্থা (আইএইএ) জানিয়েছে, ইরান এমন পরিমাণে উচ্চমাত্রার সমৃদ্ধ ইউরেনিয়াম মজুত করেছে, যা দিয়ে প্রায় নয়টি পারমাণবিক বোমা তৈরি সম্ভব হতে পারে। সংস্থাটি এটিকে 'গুরুতর উদ্বেগের বিষয়' হিসেবে উল্লেখ করেছে এবং ইরানের বিরুদ্ধে তথ্য গোপনের অভিযোগও এনেছে।

বিশেষজ্ঞদের মতে, পারমাণবিক অস্ত্র তৈরির প্রযুক্তিগত সক্ষমতা অর্জনের পাশাপাশি, ইরানের সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ একটি কার্যকর ডেলিভারি সিস্টেম তৈরি করাড়যা বোমা বহনে সক্ষম হবে। এটি বাস্তবায়নে আরও দীর্ঘ সময় লাগতে পারে।

তুলসি গ্যাবার্ড ও ডোনাল্ড ট্রাম্পের সাম্প্রতিক বক্তব্য ঘিরে যে মতপার্থক্য তৈরি হয়েছে, তা যুক্তরাষ্ট্রের প্রশাসনের অভ্যন্তরে ইরান-নীতি নিয়ে মতানৈক্যের ইঙ্গিত দিচ্ছে। যদিও গ্যাবার্ড দ্রুত বিষয়টি স্পষ্ট করে পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করেছেন, তবুও এটি যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতিতে ভবিষ্যৎ দিকনির্দেশনা নিয়ে নতুন আলোচনা শুরু করেছে।

সুব্রত বাইন, এক শীর্ষ সন্ত্রাসীর 'ক্রাইম থ্রিলার': রাষ্ট্রের এক অদৃশ্য চুক্তির গল্প!

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: নব্বইয়ের দশকের ঢাকায় কেউ রাতের বেলা রাস্তা পার হতেও ভয় পেতেন, যদি সেই পথে সুব্রত বাইন নামটা শোনা যেত। খুন, অপহরণ, চাঁদাবাজি সব কিছুর সঙ্গে জড়িয়ে একসময় হয়ে উঠেছিলেন রাজধানীর অপরাধ জগতের অবিসংবাদিত নাম। এতটাই ভয়ংকর ছিলেন, ২০০১ সালে তৎকালীন বিএনপি-জামায়াত সরকার যাঁদের "টপ ২৩" শীর্ষ সন্ত্রাসীর তালিকায় রেখেছিল, তাঁদের একজন ছিলেন সুব্রত। তাঁর নামে ইন্টারপোল জারি করে রেড নোটিশ। পুরস্কার ঘোষণা করে বাংলাদেশ সরকার। এরপরই গা ঢাকা দেন সীমান্ত পেরিয়ে ভারতে।



থ্রিলারের মতো পালানো, সুড়ঙ্গ খোঁড়ে কারাগার ভাঙা

২০০৮ সালে কলকাতা পুলিশ তাঁকে গ্রেপ্তার করে। কিন্তু এখানেই শেষ নয়। জামিনে বেরিয়ে আবার আত্মগোপন। এরপর পালিয়ে যান নেপালে। নেপালের ঝুমকা কারাগারে থাকা অবস্থায় ২০১২ সালের নভেম্বরে তিনি ১০ জন বন্দিকে সঙ্গে নিয়ে ৭৭ ফুট দীর্ঘ একটি সুড়ঙ্গ কেটে পালিয়ে যান যা শুনতে সিনেমার মতো লাগলেও ঘটনা বাস্তব।

কিন্তু এরপর আবার কলকাতায় ধরা পড়েন। ভারতে তাঁর বিরুদ্ধে অনুপ্রবেশ, অস্ত্র রাখা ও সন্ত্রাসবিরোধী আইনে মামলা হয়। এরপর দীর্ঘ সময় তিনি ছিলেন অদৃশ্য। তাঁর বিচার, শাস্তি বা অবস্থান নিয়ে আর কোনো খবরে কিছুই ছিল না যতক্ষণ না পর্যন্ত আসে ২০২৫ সালের সেই গুম তদন্ত কমিশনের বিস্ফোরক প্রতিবেদন।

গোপন বন্দি বিনিময়: র‍্যাব ভারত চুক্তির গোপন অধ্যায়

তদন্ত প্রতিবেদনে বলা হয়, ২০২২ সালের এপ্রিল মাসে ভারতীয় একটি গোয়েন্দা সংস্থা চুপিসারে সুব্রত বাইনকে র‍্যাবের হাতে তুলে দেয়। বিনিময়ে র‍্যাবও একজন বাংলাদেশি নাগরিককে গোপনে ভারতের হাতে তুলে দেয়। এ 'বন্দি বিনিময়' ছিল সম্পূর্ণ বেআইনি ও অনানুষ্ঠানিক। আন্তর্জাতিক চুক্তির কোনো কাঠামো ছিল না।

এরপর থেকেই সুব্রত বাইন ছিলেন রাজধানীর উত্তরা এলাকায় র‍্যাব-১ সদর দপ্তরের ভেতরের গোপন কারাগারে 'টাস্কফোর্স ফর ইন্টারোগেশন' (TFI) সেলে। সেখানে তাঁর সঙ্গে বাইরের জগতের কোনো সংযোগ ছিল না। কেউ জানতেও পারেনি, তিনি দেশে আছেন।

কমিশনের প্রশ্ন, এত ভয়ংকর সন্ত্রাসীকে র‍্যাব কেন শুধু বন্দি রেখে দিল? কেন 'ক্রসফায়ারে' দেওয়া হলো না, যেখানে অনেক কম অপরাধেও মানুষ মারা গেছে? কমিশন বলেছে, "তাঁকে হত্যার পরিকল্পনা থাকলেও পরে তা আর বাস্তবায়িত হয়নি।" ধারণা করা হচ্ছে, একসময় তাঁকে আর 'অগ্রাধিকার তালিকায়' রাখেনি র‍্যাব।

সুব্রত বাইন ধরা পড়লেন কীভাবে?

২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর এঃঋও সেল থেকে অনেক গোপন বন্দিকে মুক্তি দেওয়া হয়। তাঁদের একজন ছিলেন সুব্রত বাইন। এরপর আবার আত্মগোপন। অবশেষে ২০২৫ সালের ২৭ মে সেনাবাহিনী কুষ্টিয়া থেকে তাঁকে গ্রেপ্তার করে।

আদালতে হাজির করার পর তাঁর আইনজীবী জানান, সুব্রত এতদিন ছিলেন 'আয়নাঘরে'। সাংবাদিকদের সামনে সুব্রত নিজেও বলেন তিনি তিনবার ভারতে গ্রেপ্তার হয়েছিলেন এবং ২০২২ সালে তাঁকে গোপনে দেশে আনা হয়।

র‍্যাব নিশ্চুপ, প্রশ্ন উঠেছে?

সুব্রত বাইনের মতো একজন আন্তর্জাতিক সন্ত্রাসীর দেশে ফেরা, দীর্ঘ বন্দিত্ব ও গোপনে মুক্তিড়সবই ঘটেছে র‍্যাবের তত্ত্বাবধানে। অথচ কোনো আনুষ্ঠানিক মামলা, তদন্ত বা বিচার হয়নি।

তাঁকে দেশে আনার সময় র‍্যাবের মহাপরিচালক ছিলেন চৌধুরী আবদুল্লাহ আল-মামুন বর্তমানে তিনি কারাগারে। এরপর দায়িত্বে আসেন এম খুরশীদ হোসেন ও মো. হারুন অর রশিদ। তাঁদের সময়েও সুব্রতের বিরুদ্ধে আইনগত কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। তাঁদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও ফোন বন্ধ, হোয়াটসঅ্যাপে সাড়া নেই।

'জাতীয় নিরাপত্তা'র নামে গুম?

কমিশনের মতে, একজন শীর্ষ সন্ত্রাসীকে গোপনে দেশে আনা এবং বিচার না করে বছর দুয়েক বন্দি রেখে ছেড়ে দেওয়া এক ভয়াবহ নজির। এতে জননিরাপত্তা বাড়ে না, বরং ভেঙে পড়ে রাষ্ট্রের আইনশৃঙ্খলা ও নাগরিক আস্থা।

কমিশনের ভাষায় "জাতীয় নিরাপত্তার নামে গুমকে সমর্থন করলে বাস্তবে তা নিরাপত্তাহীনতাই ডেকে আনে। এটি রাষ্ট্রের প্রাতিষ্ঠানিক কাঠামো দুর্বল করে।"

রইল অজানা প্রশ্ন...

ভারতের কার হেফাজতে ছিলেন সুব্রত বাইন?

কীভাবে মুক্ত হলেন সেসব মামলায়?

বাংলাদেশে ফিরে তিনি নতুন কোন অপরাধচক্রের সঙ্গে যুক্ত ছিলেন?

এবং, সবচেয়ে বড় প্রশ্ন র‍্যাব কেন চুপ?

সুব্রত বাইনের জীবন যেন বাস্তব পৃথিবীর 'ক্রাইম থ্রিলার'। একাধিকবার গ্রেপ্তার, বিদেশে পালানো, সুড়ঙ্গ কেটে জেল ভাঙা, আবার গোপনে দেশে ফেরা সবকিছুই যেন কোনো সিনেমার চিত্রনাট্য। কিন্তু এই গল্পের প্রতিটি অধ্যায় বাস্তব, এবং তার প্রতিধ্বনি শোনা যাচ্ছে রাষ্ট্রের বিচারহীনতা, নিরাপত্তা ও নৈতিক জবাবদিহিতার ভাঙা কাঠামোয়।

নতুনদের নেতৃত্ব চায় ৬২ শতাংশ

শেষ পৃষ্ঠায় পর

শতাংশই মনে করেন, দলের নেতৃত্বে পরিবর্তন প্রয়োজন। মাত্র ২৪ শতাংশ বর্তমান নেতৃত্বকে সমর্থন করেছেন, আর বাকিরা সিদ্ধান্তে পৌঁছাতে পারেননি কিংবা কোনো মত দেননি।

অনেক সমর্থকই অভিযোগ করছেন, বর্তমান ডেমোক্র্যাট নেতৃত্ব সাধারণ মানুষের অর্থনৈতিক সংকট, জীবনযাত্রার ব্যয় কিংবা কর্মসংস্থান নয়বরং রূপান্তরকামীদের অধিকার কিংবা বৈদ্যুতিক গাড়ির মতো ইস্যুতে অতিমাত্রায় মনোযোগী হয়ে উঠেছে।

জরিপে দেখা গেছে, রিপাবলিকানদের মধ্যেও ৩০ শতাংশ নেতৃত্বে পরিবর্তন চান, তবে ডেমোক্র্যাটদের মধ্যে এ প্রবণতা আরও বেশি স্পষ্ট।

বিশেষ করে কমলা হ্যারিসের পরাজয়ের পর থেকে ডেমোক্র্যাট শিবিরে নেতৃত্ব নিয়ে দ্বিধা-দ্বন্দ্ব বাড়ছে। অনেকেই বলছেন, দলের নেতৃত্ব যেন সাধারণ মানুষের কর কমানো, ধনীদের ওপর কর বাড়ানো, শিশুসেবা, ওষুধের দাম কমানো, গণপরিবহন সহজলভ্য করার মতো ইস্যুতে সরব নয়।

ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউজম নিজেও এই বাস্তবতা স্বীকার করে বলেন, "মানুষ আমাদের বিশ্বাস করে না। তারা মনে করে, আমরা তাদের দৈনন্দিন সমস্যা নিয়ে ভাবি না।"

নিউজম ২০২৮ সালের প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্র্যাটদের প্রার্থী হতে পারেন বলে রাজনৈতিক মহলে জোর আলোচনা রয়েছে।

জরিপের পরিপ্রেক্ষিতে বিশ্লেষকরা বলছেন, নেতৃত্বে পরিবর্তনের বার্তা শুধু মতামত নয়, একেবারে স্পষ্ট রাজনৈতিক দাবি হয়ে উঠেছে।

সম্প্রতি প্রগতিশীল অ্যাক্টিভিস্ট ডেভিড হগকে ডেমোক্র্যাট ন্যাশনাল কমিটি থেকে সরিয়ে দেওয়ার পর দলটির শিক্ষক ইউনিয়নের শক্তিশালী সংগঠন আমেরিকান ফেডারেশন অব টিচার্স-এর প্রেসিডেন্ট র‍্যান্ডি ওয়েইনগার্টেন পদত্যাগ করেন, যা দলীয় ভাঙনের ইঙ্গিত দিচ্ছে।

ডেমোক্র্যাট গবেষণা প্রতিষ্ঠান ফিউচার মেজরিটির প্রধান মার্ক রিডল বলেন, "ভোটাররা এখন খুবই অধৈর্য। তারা চান, দল বাস্তব ইস্যু নিয়ে কথা বলুকড়যেমন জীবনযাত্রার ব্যয়, স্বল্পআয়ের মানুষের দুঃখ-কষ্ট, স্বাস্থ্যসেবা।"

বাল্টিমোরের ভোটার অ্যান্টনি রেন্টশ বলেন, "শুধু ট্রাম্পের সমালোচনা করলেই হবে না। আমেরিকানদের অর্থনৈতিক ও মানসিক কল্যাণ নিয়ে ডেমোক্র্যাটদের নিজেদের অবস্থান আরও পরিষ্কার করতে হবে।"

টেক্সসের অস্টিনে বসবাসকারী রূপান্তরকামী ভোটার বেঞ্জামিন ভিলাগোমেজ বলেন, "রূপান্তরকামীদের অধিকার অবশ্যই গুরুত্বপূর্ণ, কিন্তু এটা এমন ইস্যু হয়ে দাঁড়ায় যা সহজেই বিভাজন তৈরি করে। আমাদের দরকার এমন বিষয়, যা মানুষের বাস্তব জীবনে প্রভাব ফেলে।"

নতুন ভাবনা, নতুন মুখের খোঁজে ডেমোক্র্যাটরা

ডেমোক্র্যাট কৌশলবিদ বেন টালচিন, যিনি বার্নি স্যান্ডার্সের পক্ষে কাজ করেছেন, বলেন, "ট্রাম্পের অর্থনীতি ও করনীতির কারণে মূল্যস্ফীতি ও বাজেট ঘাটতি বাড়ছেড়ড় এই সুযোগ ডেমোক্র্যাটদের নিতে হবে। ভোটারদের দেখাতে হবে, আমরাই সাধারণ আমেরিকানদের পক্ষে কথা বলি।"

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

কোন পথে গড়াচ্ছে ঐকমত্য

রাষ্ট্র সংস্কারের লক্ষ্যে শুরু হওয়া 'জাতীয় ঐকমত্য' প্রক্রিয়া তার শেষের দিকে এগিয়ে চলেছে, কিন্তু এখনো দেখা যাচ্ছে, প্রক্রিয়ার শুরুর জায়গাটিই ভালোভাবে গড়ে ওঠেনি। একদিকে রয়েছে ১৬৬টি প্রস্তাব, অন্যদিকে রাজনৈতিক দলগুলোর ভিন্নমতের পাহাড়। গত আট মাসের আলোচনার ভিত্তিতে জুলাইয়ের মধ্যে 'জাতীয় সনদ' নামে একটি যৌথ দলিল প্রস্তুত করার কথা থাকলেও এখন পর্যন্ত দলগুলো মাত্র ৪২টি বিষয়ে ঐকমত্যে পৌঁছেছে। সংখ্যাটা স্পষ্টভাবে বলে দেয়: একে জাতীয় ঐকমত্য বলা যায় না।

এই যে ঐকমত্যের অভাব, তা কোনো কৌশলগত ভুল নয়-এটি হলো রাজনীতিতে অবিশ্বাস, স্বার্থ এবং স্বতন্ত্র অবস্থানের প্রতিফলন। সংলাপের প্রতিটি ধাপে আমরা দেখেছি-আসনবিন্যাস নিয়ে ক্ষোভ, অতিরিক্ত সময় পাওয়ার বিরুদ্ধে প্রতিবাদ, নিবন্ধনহীন দলের অংশগ্রহণ নিয়ে প্রশ্ন, জামায়াতের বয়কট, আবার ফিরে আসা-সব মিলিয়ে একটি অবিচলিত ভিত্তির ওপর নয়, বরং একটি নড়বড়ে ভেতরগত দ্বন্দ্বের ওপর দাঁড়িয়ে আছে এ প্রক্রিয়া।

রাষ্ট্র সংস্কার কোনো দল বা সরকারের একক অ্যাজেন্ডা হতে পারে না। এটি হতে হয় সর্বসম্মত জাতীয় প্রতিশ্রুতি। কিন্তু আমরা দেখছি, কোনো দল ভোটের আগে সংস্কারের কথা বলছে, কেউ বলছে নির্বাচনের পরে। কেউ বলছে ৭০ অনুচ্ছেদ সংশোধন ছাড়া কথা নয়, কেউ আবার বলছে, নির্বাচনপদ্ধতি বদলানো ছাড়া সবই বৃথা। এমন ভিন্নমত থাকা স্বাভাবিক, কিন্তু যদি এসব মতকে একত্রে গেঁথে সামনের দিকে এগোনোর সদিচ্ছা না থাকে, তবে এই প্রক্রিয়া কেবল কাগজে সীমাবদ্ধ থাকে, বাস্তবে নয়।

জাতীয় ঐক্য গঠনের নামে যে সনদ প্রস্তুত হচ্ছে, সেটিকে আমরা অবশ্যই স্বাগত জানাতে চাই কিন্তু সেটা ঐকমত্যের ভিত্তিতে হচ্ছে বা হবে, সেটাও তো আমাদের নিশ্চিত হতে হবে। আমাদের আশঙ্কা, শেষ পর্যন্ত এটি একটা নিষ্ফল বৈঠকের স্মৃতি হয়ে থাকবে না তো? যদি ৭৫ শতাংশ প্রস্তাবেই দলগুলো একমত না হয়, তাহলে সনদের নাম 'জাতীয়' হলেও এর বৈধতা প্রশ্নবিদ্ধ হবে। কেননা, জনগণের কাছে এটি কেবল তখনই অর্থবহ হবে, যখন তারা জানবে-এখানে কোনো গোপন অ্যাজেন্ডা নেই, এখানে সত্যিকার অর্থেই মতানৈক্যের মধ্যেও মতামতকে সম্মান করা হয়েছে।

এই মুহূর্তে অন্তর্বর্তী সরকারের দায়িত্ব হলো, সব রাজনৈতিক দলকে সমান গুরুত্ব দেওয়া, ভিন্নমতের পরিসরকে ভয় না পেয়ে তা আলোচনার অংশ করে তোলা এবং যদি সম্ভব হয়, আংশিক নয়, পূর্ণাঙ্গ রাজনৈতিক চুক্তির পথ রচনা করা।

জাতীয় ঐক্য রাতারাতি আসে না। তাতে সময় লাগে, ধৈর্য লাগে। সবচেয়ে বড় কথা, লাগে একে অন্যকে গ্রহণ করার মানসিকতা। যদি কোনো দল নিজেকে বাদ দিয়ে অন্যদের মধ্যে ঐক্য গঠনের চেষ্টা করে, তবে সেই ঐক্য হবে দলীয়, জাতীয় নয়।

আমরা চাই, এ দেশের রাজনীতি আর 'ভবিষ্যতের জন্য ঝুলে থাকা সংস্কার' নিয়ে না চলে। আমরা চাই, এখনই একটি বিশ্বাসযোগ্য, অন্তর্ভুক্তিমূলক এবং গ্রহণযোগ্য ঐক্যের পথে হাঁটুক বাংলাদেশ। শেষ ভালো যার, সব ভালো তার।



ট্রাম্পের ইরান আক্রমণ: নেতানিয়াহুর অনন্ত যুদ্ধের মূল্য হবে চড়া

আবেদ আবু শাদেহ



ইরানের হামলায় ক্ষতিগ্রস্ত ইসরায়েলি স্থাপনাছবি : রয়টার্স

ইসরায়েলের ইরান আক্রমণের সিদ্ধান্তকে কোনো যুক্তি দিয়েই ব্যাখ্যা করা যায় না। এই আক্রমণ ইসরায়েলের দীর্ঘদিনের সামরিক নীতির সঙ্গেও সরাসরি সাংঘর্ষিক। এত দিন ধরে ইসরায়েলের সামরিক নীতির লক্ষ্য ছিল, স্বল্পকালীন, নিষ্পত্তিমূলক সামরিক অভিযানের মাধ্যমে সুস্পষ্ট কৌশলগত লক্ষ্য অর্জন করা। ইসরায়েলের এই সামরিক নীতির পেছনে কাজ করেছে দেশটির ভৌগোলিক, অর্থনৈতিক ও জনমিতিক নাজুকতা।

এখন আমরা দেখছি যে ইসরায়েল তার আগের নীতিতে মৌলিক পরিবর্তন এনেছে। কৌশলগত বাস্তবতাকে পরিত্যাগ করে ইসরায়েল এখন একটি ধর্মচালিত যুদ্ধের পথে হাঁটছে, যে যুদ্ধের কোনো শেষ নেই।

এই পরিবর্তন অত্যন্ত স্পষ্ট। পশ্চিমা সমর্থনপুষ্ট উপনিবেশবাদী প্রকল্প থেকে ইসরায়েল এখন ধর্মীয় ত্রাতাবাদী উপনিবেশিক শক্তি হিসেবে আন্তর্জাতিক স্বীকৃতির পথ খুঁজছে। আর এই প্রকল্পের অস্তিত্ব নির্ভর করছে চিরস্থায়ী যুদ্ধের ওপর। যুদ্ধের যুক্তিতে ক্রমবর্ধমানভাবে ধর্মীয় ভাষার ব্যবহার এবং সৃষ্টিকর্তাকে পক্ষ হিসেবে বারবার টেনে আনা, সেই কাঠামোগত পরিবর্তনেরই ইঙ্গিত দেয়।

আজ রোববার যুক্তরাষ্ট্র ইসরায়েলের ইরান যুদ্ধে যুক্ত হয়েছে। ইসরায়েলের সঙ্গে তারা ইরানের ফর্দো, নাতাঞ্জ ও ইস্পাহান-এই তিন পারমাণবিক স্থাপনায় হামলা করেছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এসব হামলাকে 'অত্যন্ত সফল' বলে বর্ণনা করেছেন।

ইরানি কর্মকর্তারাও নিশ্চিত করেছেন যে হামলায় ফর্দোসহ কয়েকটি পারমাণবিক স্থাপনার কিছু অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। ফর্দো হলো ইরানের কুম শহরের কাছে পাহাড়ের নিচে আধা কিলোমিটার গভীরে অবস্থিত একটি গোপন পারমাণবিক সমৃদ্ধকরণ কেন্দ্র।

ইরানের পারমাণবিক স্থাপনায় ট্রাম্পের বোমা হামলাকে ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু 'সাহসী সিদ্ধান্ত' বলেছেন। তিনি বলেছেন, এটি 'ইতিহাসকে বদলে দেবে'।

এই হামলার পর নিজ দেশেই কঠিন চ্যালেঞ্জের মুখে পড়েছেন নেতানিয়াহু। তাঁর সেকুলার বিরোধী পক্ষ যারা আগে তাঁর বিভিন্ন সামরিক অভিযানকে সমর্থন দিয়েছিল, তারাই এখন প্রশ্ন তুলছে, অন্তহীন সংঘাতের জন্য কেন তারা তাদের ভালো জীবনমানকে উৎসর্গ করবেন।

একই সঙ্গে, সামরিক এজেন্ডা টিকিয়ে রাখার জন্য নেতানিয়াহু ইসরায়েলের গণতান্ত্রিক পরিসরকে সংকুচিত করেছেন। ইরান নয়, বরং ইসরায়েলের অভ্যন্তরীণ যুদ্ধক্ষেত্রই এখন নেতানিয়াহুর সবচেয়ে কঠিন লড়াইয়ের ময়দান।

একটি অদ্ভুত কিন্তু ইঙ্গিতপূর্ণ সিদ্ধান্তগুলোর একটি হলো ইসরায়েলি নাগরিকদের চলাচলের স্বাধীনতার নিষেধাজ্ঞা আরোপ। এর মধ্যে রয়েছে বেঞ্জুরিয়ন বিমানবন্দর দিয়ে দেশের বাইরে যাওয়ার ওপর নিষেধাজ্ঞা। এ ছাড়া জাতীয় নিরাপত্তা পরিষদ সম্প্রতি জর্ডান বা মিসর হয়ে ইসরায়েলি নাগরিকদের ফেরার ব্যাপারেও সতর্কবার্তা দিয়েছে।

যদিও এখনো ইসরায়েল থেকে কিছু ফ্লাইট ছেড়ে যাচ্ছে। কিন্তু বেশির ভাগই পর্যটক ও বিদেশি বাসিন্দাদের জন্য সংরক্ষিত। ফলে ইসরায়েলি নাগরিকেরা কার্যত দেশের ভেতরে আটকে পড়েছেন। এই সিদ্ধান্তের পেছনে স্পষ্ট একটি রাজনৈতিক হিসাব রয়েছে। এই সিদ্ধান্তে মধ্যবিত্তদের মধ্যে বিরোধী দলের যে ভোটার ভিত্তি আছে, তাদের ওপরই এর প্রভাব পড়বে। কেননা, দীর্ঘ মেয়াদে বিদেশভ্রমণের সামর্থ্য তাদের রয়েছে। অন্যদিকে লিকুদ পার্টির মূল ভোটব্যাংক মূলত প্রান্তিক এলাকার শ্রমজীবী মানুষ। এই সিদ্ধান্তের কারণে তাদের ওপর প্রভাব পড়বে সামান্যই।

এদিকে, গাজায় যুদ্ধ শুরুর পর থেকে (এমনকি তারও আগে ইসরায়েলের বিচার বিভাগীয় সংস্কারের সময় থেকে) অনেক ইসরায়েলি তাঁদের অর্থ বিদেশে সরিয়ে নিচ্ছেন। গত মার্চ মাসে একটি আর্থিক সেবা প্রতিষ্ঠান তাদের প্রতিবেদনে জানায়, ইসরায়েল থেকে বিদেশে টাকা স্থানান্তরের জন্য আবেদনকারীর সংখ্যা ৫০ শতাংশ বেড়েছে। ২০২৩ সালের অক্টোবর থেকে ইসরায়েল থেকে অন্য দেশে অর্থ স্থানান্তরের হার সাত গুণ বেড়েছে। ওই বছরই প্রায় ৫ দশমিক ৬ বিলিয়ন ডলার বাইরে পাঠানো হয়েছে।

নেতানিয়াহুর জন্য এই বাস্তবতা নিঃসন্দেহে উদ্বেগজনক। বছরের পর বছর ধরে তিনি প্রচার চালিয়ে আসছেন যে একটি শক্তিশালী অর্থনীতির মাধ্যমে ইসরায়েল তার অত্যাধুনিক সরঞ্জামে সজ্জিত সামরিক বাহিনী পুষতে পারবে। তাঁর অতি-দক্ষিণপন্থী জোটসঙ্গীরা অর্থনীতিতে খুব সামান্যই অবদান রাখেন। অথচ সেই ধর্মান্ধ মিত্ররাই আরও যুদ্ধ ও ভূমি দখলের চাপ দিয়ে চলেছে।

কূটাভাস এই যে ইসরায়েলের সমাজের যে অংশটি অর্থনীতিতে জোরালো অবদান রাখে, তারা নেতানিয়াহু সরকারের বিরোধী পক্ষ। কিন্তু তারা এত দিন নেতানিয়াহুর যুদ্ধের বিরোধিতা করেনি। বরং তারা ইসরায়েলের সামরিক কর্মকাণ্ডকে সমর্থন দিয়েছে। একই সঙ্গে তারা পশ্চিমা মানের জীবনযাপন বজায় রাখতে চায়।

জায়নবাদী মূল্যবোধের সমালোচনা করার সক্ষমতা তাদের নেই। কারণ, তাদের শেখানো হয় যে বিশ্ব জন্মগতভাবেই সেমেটিকবিরোধী, তাই বাঁচতে হলে তরবারি হাতে নিয়েই বাঁচতে হবে। এই ব্যর্থতা কিংবা অনীহার সুযোগটাই নিয়েছেন নেতানিয়াহু ও তাঁর মিত্ররা। ফলে ইসরায়েলের একটি শ্রেণির অর্থনৈতিক শক্তিকে ব্যবহার করে নেতানিয়াহু ও তাঁর মিত্ররা ইসরায়েলকে দ্রুততার সঙ্গে একটি ধর্মীয় ত্রাতাবাদী রাষ্ট্রে পরিণত করছে। এর ভিত্তি হলো বর্ণবাদী নীতিমালা ও ইহুদি শ্রেষ্ঠত্ববাদী আদর্শ।

ইরানের সঙ্গে চলমান সংঘাতে এই প্রবণতা আরও স্পষ্টভাবে দৃশ্যমান হয়েছে। ইরানের ক্ষেপণাস্ত্র হামলার সময় ইহুদি ইসরায়েলিরা ফিলিস্তিনি নাগরিকদের, এমনকি বিদেশি শ্রমিকদেরও আশ্রয়কেন্দ্রে ঢুকতে বাধা দিয়েছেন।

নেতানিয়াহু ইসরায়েলকে এমন একটি জাতিগত ধর্মীয় ও মুক্তবাজারি রাষ্ট্র হিসেবে দাঁড় করাতে চান যে রাষ্ট্র চিরস্থায়ীভাবে তার প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সংঘাতে লিপ্ত থাকবে। যত ধ্বংসযজ্ঞই হোক না কেন, তাতে কিছু যায়-আসে না। পরিহাসের বিষয় হচ্ছে, ইরানের প্রতি ইসরায়েলের সমালোচনার যুক্তি কিন্তু এটাই।

যেসব ইসরায়েলি এই যুদ্ধের পরিণতি বুঝতে পারছেন, তাঁরা ইতিমধ্যেই বিষয়টি অনুধাবন করতে পারছেন। ব্যক্তিগত সম্পত্তি ধ্বংস হওয়ার চেয়ে অর্থনৈতিক ক্ষতির পরিমাণ আরও ব্যাপক। ইসরায়েলের বেসামরিক অর্থনীতি কার্যত বন্ধ হয়ে গেছে। দেশটি এখন জরুরি অর্থনৈতিক ব্যবস্থার দিকে এগোচ্ছে, যেখানে কেবল অত্যাবশ্যকীয় ব্যবসা ও প্রতিষ্ঠানগুলো চালু রাখা হচ্ছে।

একদিকে এ পরিস্থিতি অর্থনৈতিক অনিশ্চয়তা ও উদ্বেগ সৃষ্টি করছে। অন্যদিকে মানসিক চাপও বাড়ছে। কেননা, ইরানি ক্ষেপণাস্ত্র হামলার ভয়টি এখন বাস্তব।

আবেদ আবু শাদেহ, জাফার
রাজনৈতিক কর্মী

আকাশে ওড়ে, রাডারে মেলে না

বিশ্বের রহস্যময়

বি-২ স্পিরিট বো মা রু



বি-২ স্পিরিট শুধু একটি অস্ত্র নয়, এটি যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা কৌশলের প্রতীক। যখন কোনো রাষ্ট্র তার প্রতিপক্ষকে সরাসরি সামরিক বার্তা দিতে চায়, কিন্তু পুরো যুদ্ধ চায় নাড়তখনই ব্যবহার করা হয় বি-২ বোমারু। এটি শত্রুর মনোবলে আঘাত হানে, আকাশসীমায় না ঢুকে তাণ্ডব চালাতে পারে।



বাংলা পত্রিকা ডেস্ক: যুদ্ধের ময়দান বদলেছে বহুবার, কিন্তু কিছু কিছু অস্ত্র আসে শুধুই আধিপত্যের প্রতীক হয়ে। তেমনই এক ভয়ংকর ও রহস্যময় অস্ত্র ইউএস এর তৈরি বি-২ স্পিরিট। বিশ্বের সবচেয়ে উন্নত ও ব্যয়বহুল বোমারু বিমান হিসেবে পরিচিত এই যুদ্ধযান শত্রুর রাডারকে ফাঁকি দিয়ে নির্ভুলভাবে হামলা চালাতে সক্ষম।

দেখতে যেন কোনো বৈজ্ঞানিক কল্পকাহিনির বিমানের মতোড়রাডারে ধরা পড়ে না, শত্রুর আকাশসীমায় ঢুকে পারমাণবিক বোমা ফেলে নির্ভরযোগ্যভাবে ফিরে আসে। এটি কোনো কল্পনার যুদ্ধযান নয়, বাস্তবেই তৈরি হওয়া বিশ্বের সবচেয়ে উন্নত বোমারু বিমানড়বি-২ স্পিরিট।

বি-২ স্পিরিট তৈরি করেছে ইউএস এর প্রতিরক্ষা নির্মাতা প্রতিষ্ঠান নর্থরপ গ্রুম্যান। ১৯৮৯ সালে প্রথম আকাশে উড়লেও এটি নিয়ে গবেষণা ও উন্নয়ন চলেছে গোপনে বহু বছর। বিমানটি দেখতে অনেকটা ভিনগ্রহের যান বা বৈজ্ঞানিক কল্পকাহিনির মতো। এটি স্টিলথ প্রযুক্তি ব্যবহার করে এমনভাবে তৈরি করা হয়েছে, যেন শত্রুর রাডার একে ধরতেই না পারে। এই বিমানের সবচেয়ে বড় শক্তি হলো এর অদৃশ্যতা। বিশেষ আবরণ, ঢালের মতো আকৃতি ও শব্দহীন গতির কারণে এটি 'ঘোস্ট বোম্বার' নামে পরিচিত। আকারে বিশাল হলেও এটি শত্রুর আকাশসীমায় ঢুকে আঘাত হেনে ফিরে আসতে পারে বিন্দুমাত্র টের না দিয়ে।

বি-২ বিমান পারমাণবিক বোমা বহনে সক্ষম। এটি একযোগে প্রচলিত বোমা ও পারমাণবিক অস্ত্র বহন করতে পারে, যার মধ্যে রয়েছে ই৬১ ও ই৮৩ পারমাণবিক বোমা। এছাড়াও এতে সংযুক্ত করা যায় জিপিএস নিয়ন্ত্রিত স্মার্ট বোমা এবং গভীর বাংকার ধ্বংসকারী 'Massive Ordnance Penetrator'। এটি একটানা ১১ হাজার কিলোমিটার পর্যন্ত উড়তে পারে, আর আকাশেই রিফুয়েলিংয়ের মাধ্যমে পৃথিবীর যেকোনো স্থানে হামলা চালাতে পারে।

যুদ্ধক্ষেত্রে এই বিমানের ব্যবহার খুবই সীমিত, কিন্তু প্রতিবারই ছিল অত্যন্ত তাৎপর্যপূর্ণ। ইরাক, লিবিয়া কিংবা সাম্প্রতিক ইরান পরিস্থিতিতে যখন ইউএস রাজনৈতিক ও সামরিক বার্তা দিতে চেয়েছে, তখনই আকাশে দেখা দিয়েছে বি-২। এটি কখনো কখনো আকাশে ওড়ে শুধু শত্রুর মনস্তাত্ত্বিক চাপে রাখার জন্য, যদিও আসল হামলা না-ও হতে পারে।

একটি বি-২ তৈরি করতে ইউএস এর খরচ হয়েছে প্রায় ২.১ বিলিয়ন ডলার। এর প্রতি ঘণ্টার উড়াল ব্যয় প্রায় এক লাখ ২২ হাজার ডলার। এত খরচ সত্ত্বেও এটি যে ভয়ংকর কার্যকর, তা বিশ্বব্যাপী সামরিক বিশ্লেষকদের কাছে প্রমাণিত।

বর্তমানে ইউএস এর কাছে মাত্র ২০টি সক্রিয় বি-২ বিমান রয়েছে। এগুলোর প্রতিটিই সর্বোচ্চ নিরাপত্তা ও গোপনীয়তার সঙ্গে সংরক্ষণ করা হয়। অন্য কোনো দেশের কাছে এই প্রযুক্তি বিক্রি করা হয়নি, এবং পাইলট ও পরিচালনার টিমকে দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ ও কঠোর মনোবৈজ্ঞানিক পরীক্ষার মধ্য দিয়ে যেতে হয়।

বি-২ স্পিরিট কেবল একটি বোমারু বিমান নয়, এটি আধুনিক যুদ্ধকৌশলের প্রতীক। যখন অস্ত্রের চেয়ে কৌশল বেশি প্রাধান্য পায়, তখনই এই বিমানের গুরুত্ব বোঝা যায়। শত্রুর মাথার ওপর উড়ে আসা অদৃশ্য এই ঘাতক যেন যুদ্ধের এক নিঃশব্দ বার্তা– "তোমরা দেখলে না, কিন্তু আমরা এসেছিলাম।"

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

"আমি যুদ্ধ থামালাম, তবু নোবেল নয়!" ট্রাম্পের আক্ষেপে

প্রথম পৃষ্ঠার পর

তিনি প্রশ্ন তুলেছেন 'এত কিছু করার পরও আমি শান্তিতে নোবেল কেন পাব না?'

শনিবার ট্রাম্প তাঁর নিজস্ব সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে এক পোস্টে জানান, তিনি ও যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর যৌথ প্রচেষ্টায় রুয়ান্ডা ও ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গোর (ডিআরসি) মধ্যে এক শান্তিচুক্তি সই হতে যাচ্ছে। ট্রাম্প বলেন, "এই যুদ্ধ ছিল চরম রক্তক্ষয়ী, বহু দশক ধরে চলা সংঘাত, যা শেষ করতে আমরা এক অসাধারণ চুক্তির উদ্যোগ নিয়েছি। সোমবার ওয়াশিংটনে উভয় দেশের প্রতিনিধি চুক্তিতে সই করবেনড়এটা আফ্রিকার জন্য এক মহান দিন, আর বলা যায়, সারা বিশ্বের জন্য।"

তবে এত বড় সাফল্যের পরও নিজেকে উপেক্ষিত মনে করছেন ট্রাম্প। আক্ষেপ ভরা কণ্ঠে তিনি বলেন,

"আমি এই চুক্তির জন্য শান্তিতে নোবেল পাব না।

আমি ভারত-পাকিস্তানের যুদ্ধ থামানোর জন্যও নোবেল পাব না।

সার্বিয়া-কসোভোর সংঘাত থামিয়ে দিয়েছিলাম তবু নোবেল নয়।

এমনকি মিসর-ইথিওপিয়ার মতো স্পর্শকাতর অঞ্চলে শান্তি বজায় রাখার জন্যও নয়!"

ট্রাম্প আরও বলেন, ইথিওপিয়ার নীল নদের ওপর তৈরি করা বিশাল বাঁধটি যুক্তরাষ্ট্রের অর্থায়নে হয়েছে এবং সেটি নদীর পানিপ্রবাহ কমিয়ে দিচ্ছেড়যা সেখানকার ভূরাজনৈতিক অবস্থা আরও জটিল করেছে।

তাঁর কথায়, "আমি আব্রাহাম অ্যাকর্ড করলাম, যার মাধ্যমে মধ্যপ্রাচ্যে বহু দেশের মধ্যে অভূতপূর্ব শান্তি প্রতিষ্ঠিত হলো, আর এই চুক্তি আরও অনেক দেশকে সম্পৃক্ত করতে যাচ্ছে। এটি মধ্যপ্রাচ্যকে ঐক্যবদ্ধ করছে বহু শতাব্দী পর।"

তবু তিনি নোবেল পুরস্কার পাবেন না– এমনই বিশ্বাস তাঁর।

শেষে ট্রাম্প বলেন,

হামলার পরিকল্পনা গোপন রাখতে যে কৌশল

প্রথম পৃষ্ঠার পর

কৌশল ফাঁস হওয়ায় ট্রাম্প চরম হতাশা প্রকাশ করেন। তিনি মনে করেন, 'দুই সপ্তাহ' সময়সীমার ঘোষণা ইরানকে বিভ্রান্ত করবে এবং তাঁর সিদ্ধান্ত নেওয়ার প্রকৃত মুহূর্তটি গোপন থাকবে।

এ সময় ট্রাম্পের সাবেক উপদেষ্টা স্টিভ ব্যাননড়যিনি প্রকাশ্যে আমেরিকান সামরিক হস্তক্ষেপের বিরোধিতা করেনড়তাঁর সঙ্গে মধ্যাহ্নভোজে মিলিত হওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন ট্রাম্প। ওই সময়ই ট্রাম্প সিদ্ধান্ত নেন একটি আনুষ্ঠানিক বিবৃতি দেওয়ার। প্রেসিডেন্টের নির্দেশে হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি ক্যারোলিন লেভিট পরে ঘোষণা দেনড়'ট্রাম্প এখনো ইরান বিষয়ে কোনো চূড়ান্ত সিদ্ধান্ত নেননি।"

তবে ভেতরের সূত্র বলছে, ট্রাম্প ইরানের বিরুদ্ধে সামরিক পদক্ষেপের বিষয়ে আগেই মানসিকভাবে প্রস্তুত ছিলেন। প্রতিদিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের সঙ্গে বৈঠক করেন তিনি, ফোনে দেন দিকনির্দেশনা। শনিবার আকাশে বোমারু বিমান পাঠানোর মাধ্যমে পরিকল্পনার শেষ ধাপে পৌঁছান তিনি।

ট্রাম্পের ঘনিষ্ঠদের বিশ্বাস, পুরো পরিকল্পনাই ছিল অত্যন্ত কৌশলগত। সংবাদমাধ্যম ও আন্তর্জাতিক প্রতিপক্ষকে বিভ্রান্ত করে সময় নেওয়া হয় যাতে সামরিক পদক্ষেপের প্রভাব ও প্রস্তুতি নির্বিঘ্নে সম্পন্ন করা যায়।

গুমে জড়িত ভারতীয় গোয়েন্দা সংস্থা!

প্রথম পৃষ্ঠার পর

এমন চিত্র উঠে এসেছে গুমবিরোধী কমিশনের সাম্প্রতিক প্রতিবেদনে। ওই প্রতিবেদনে বলা হয়েছে, আন্তর্জাতিক গুমের ঘটনায় বাংলাদেশ ও ভারতের গোয়েন্দা সংস্থাগুলোর মধ্যে একটি অনানুষ্ঠানিক সমঝোতার মাধ্যমে সীমান্ত পেরিয়ে মানুষ গুম, আটক ও বিনিময়ের কাজ সংঘটিত হয়েছে। এই প্রক্রিয়া কোনো আদালতের আদেশ, নথিভুক্ত মামলা বা আইনি কাঠামোর অধীন ছিল না, বরং একে 'আন্তরাষ্ট্রীয় গুম' হিসেবে অভিহিত করা হয়েছে।

৪ জুন কমিশন তাদের দ্বিতীয় প্রতিবেদন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের কাছে জমা দেয়। ওই প্রতিবেদনে পাঁচজন ভুক্তভোগীর জবানবন্দি স্থান পেয়েছে, যারা গুম হওয়ার পর ভারতে পাচার হয়ে নির্যাতনের শিকার হয়েছেন। তাদের ভাষ্য অনুযায়ী, চোখ বেঁধে সীমান্ত পার করে নিয়ে যাওয়া, বিভিন্ন জায়গায় জিজ্ঞাসাবাদ ও হুমকি এসব ছিল তাদের প্রতিদিনের বাস্তবতা। এক ভুক্তভোগীর অভিজ্ঞতা উদ্ধৃত করে বলা হয়, "আমাকে বলা হয়, তুমি মরো বা বাঁচোড়তা আমরা ঠিক করব।"

প্রতিবেদন বলছে, বাংলাদেশের অনেক নাগরিককে গুম করে ভারতের গোয়েন্দা সংস্থার হাতে তুলে দেওয়া হয়েছে। আবার ভারতের সন্দেহভাজনদের বাংলাদেশে এনে জিজ্ঞাসাবাদ করা হয়েছে, র‍্যাব বা ডিজিএফআই-এর হেফাজতে রাখা হয়েছে, এমনকি কেউ কেউ আবার নিখোঁজ হয়ে গেছেন। এসব ঘটনা কোনো লিখিত চুক্তি ছাড়াই, দুই দেশের গোয়েন্দা সংস্থাগুলোর মধ্যে মৌখিক সমঝোতার ভিত্তিতে হয়েছে বলে প্রতিবেদনে দাবি করা হয়েছে।

একাধিক ক্ষেত্রে দেখা গেছে, ভারত থেকে ফিরিয়ে আনা ভুক্তভোগীদের ফের বাংলাদেশে নির্যাতনের মুখে পড়তে হয়েছে। কাউকে আবারও গুম করে ফেলা হয়েছে। কমিশন বলছে, এসব ঘটনায় ব্যক্তি স্বাধীনতা, মানবাধিকার ও আইনি নিরাপত্তা চরমভাবে লঙ্ঘিত হয়েছে। ভুক্তভোগীদের পরিবাররা অনেক সময় জানতেই পারেন না, তাদের স্বজন কোথায়, বেঁচে আছেন কি নাড় আইনগত সহায়তা পাওয়ার তো প্রশ্নই ওঠে না।

কমিশনের প্রতিবেদনে এমন একটি ঘটনাও তুলে ধরা হয়েছে, যেখানে ভারতীয় মুসলমানদের বিষয়ে ভিডিও কনটেন্ট তৈরির অভিযোগে একজন বাংলাদেশিকে ভারতে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়। পরে তাঁকে ফিরিয়ে এনে র‍্যাব হেফাজতে রাখা হয়। এসব ঘটনায় ভুক্তভোগীদের নাম ও পরিচয় গোপন রাখা হয়েছে তাদের নিরাপত্তার স্বার্থে। প্রতিবেদনে এ-ও বলা হয়, কিছু কিছু গুম সরাসরি রাষ্ট্রের উচ্চ পর্যায় থেকে তদারকি করা হয়েছে। মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডপ্রাপ্ত সাকা চৌধুরীর ছেলে হুম্মাম কাদের চৌধুরীকে গুমের ঘটনায় তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা অবহিত ছিলেন বলে সেখানে উল্লেখ রয়েছে।

১৯ জুন গুলশানে আয়োজিত সংবাদ সম্মেলনে কমিশনের সভাপতি মইনুল ইসলাম চৌধুরী সাংবাদিকদের বলেন, "ভারতের গোয়েন্দা সংস্থা গুমের সঙ্গে জড়িত থাকলেও তাদের বিরুদ্ধে আমরা কিছু করতে পারি না। কারণ এটি আমাদের এখতিয়ার বহির্ভূত। তবে বাংলাদেশে যাদের সম্পৃক্ততা পেয়েছি, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পুলিশকে চিঠি দেওয়া হয়েছে।" তিনি আরও জানান, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে পাঁচ থেকে ছয়টি মামলা বর্তমানে চলমান রয়েছে।

মানবাধিকার সংস্থাগুলো বলছে, এসব গুমের পেছনে শুধু দেশীয় নিরাপত্তা অজুহাতই নয়, বরং আন্তর্জাতিক রাজনীতি ও গোয়েন্দা সমঝোতা ব্যবহৃত হচ্ছে। কিন্তু কোনো সন্দেহভাজন ব্যক্তিকেও বিনা বিচারে বছরের পর বছর গোপন স্থানে আটকে রাখার অধিকার কোনো রাষ্ট্রের নেই।

প্রতিবেদনে সুপারিশ করা হয়েছে, গুমের ঘটনাগুলো আইনের আওতায় আনতে হবে, গোপন হেফাজতে থাকা সব ব্যক্তির তালিকা প্রকাশ করতে হবে, এবং গোয়েন্দা সংস্থাগুলোর মধ্যে যৌথ কার্যক্রমের জন্য একটি স্বচ্ছ, লিখিত ও জনসম্মুখ চুক্তি করতে হবে। গুমের মতো গুরুতর মানবাধিকার লঙ্ঘনের ঘটনা শুধুমাত্র নিরাপত্তার নামে আর চলতে দেওয়া যায় নাড়এমন মন্তব্যও উঠে এসেছে প্রতিবেদনে।

এই প্রতিবেদন বাংলাদেশের গুম রাজনীতির যে বহুমাত্রিক চিত্র তুলে ধরেছে, তা শুধু দেশের ভেতরে নয়, আন্তর্জাতিক পরিসরেও গভীর উদ্বেগ ও প্রশ্নের জন্ম দিচ্ছে।

যুদ্ধে জড়ানো হবে

প্রথম পৃষ্ঠার পর

ওই আক্রমণ কয়েক বছর ধরে স্থায়ী একটি যুদ্ধের সূচনা করেছিল।

প্যানেটা সিএনএনকে বলেন, 'এটি এমন একটি শিক্ষা, যা প্রেসিডেন্টের শেখা উচিত, কারণ তিনি যদি ইরানে হামলা করেন, তাহলে নিঃসন্দেহে যুক্তরাষ্ট্র তখন একটি আঞ্চলিক যুদ্ধে জড়িয়ে পড়বে।'

প্যানেটা, একসময় প্রতিরক্ষামন্ত্রীও ছিলেন। তিনি সতর্ক করে দিয়েছেন, ইরান পাল্টা জবাব দিতে বাধ্য।

তিনি বলেন, 'সুতরাং, ভুল বুঝবেন না। এটি একটিমাত্র বিমান হামলা হতে পারে, তবে এটি অবশ্যই যুক্তরাষ্ট্রকে ইরানের সঙ্গে যুদ্ধে জড়িয়ে ফেলবে।'

প্রাথমিক নির্বাচনের বিজ্ঞপ্তি আগামীকাল

মঙ্গলবার, ২৪ জুন, ২০২৫

ভোটকেন্দ্র খোলা থাকবে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত।

নিউ ইয়র্ক সিটির নির্বাচন বোর্ড, নির্বাচন আইন ৪-১১৮ এবং ৪-১২২ এর বিধান অনুসারে,
এতদ্বারা জানানো যাচ্ছে যে প্রাথমিক নির্বাচন অনুষ্ঠিত হবে মঙ্গলবার, ২৪ জুন, ২০২৫ তারিখে, সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত।

র‍্যাঙ্কড চয়েস ভোটিং

**প্রাথমিক নির্বাচনে নিম্নলিখিত পদগুলির বিজয়ী নির্ধারণের জন্য র‍্যাঙ্কড চয়েস ভোটিং ব্যবহার করা হবে:
মেয়র, পাবলিক অ্যাডভোকেট, কম্পট্রোলার, বরো প্রেসিডেন্ট এবং সিটি কাউন্সিল।
এটি ২০১৯ সালে ভোটারদের দ্বারা অনুমোদিত নিউ ইয়র্ক সিটি চার্টারের একটি সংশোধনী অনুসারে।**

আপনি ভোট দেওয়ার যোগ্য কিনা, প্রার্থী তালিকা দেখতে, ভোটকেন্দ্র খুঁজতে বা নমুনা ব্যালট দেখতে, ভিজিট করুন:

VOTE.NYC

অথবা টোল ফ্রি নম্বরে কল করুন: (866) 868-3692 • TTY নম্বর: (212) 487-5496
পোল ওয়ার্কার হতে চাইলে, দয়া করে ভিজিট করুন: POLLWORKER.VOTE.NYC

THE BOARD OF ELECTIONS
IN THE CITY OF NEW YORK
Executive Office, 32 Broadway, 7th Floor
New York, NY 10004

কমিসনারস অব ইলেকশনস
Frederick M. Umane—প্রেসিডেন্ট
Jodi Morales—সেক্রেটারি

Jose Miguel Araujo
Marc A. Landis
Michael J. Coppotelli
Gino A. Marmorato
Frank R. Seddio
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan



নিউইয়র্কে বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল আয়োজিত

গোল্ডেন এজ ফুটবল টুর্নামেন্ট ২০২৫ শুরু

নিউইয়র্ক (ইউএনএ): প্রতি বছরের মতো এবছরও নিউইয়র্কে শুরু হলো বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা আয়োজিত ফুটবল লীগ-২০২৫। এবারের লীগের গ্র্যান্ড স্পন্সর গোল্ডেন এজ হোম কেয়ার। ফলে লীগের নামকরণ করা হয়েছে 'গোল্ডেন এজ ফুটবল টুর্নামেন্ট ২০২৫'। গত ১৫ জুন রোববার সন্ধ্যায় নিউইয়র্কের র‍্যাভালস আইল্যান্ড ষ্টেডিয়ামের ফিল্ড-১০ এ টুর্নামেন্টের উদ্বোধন হয়। ফ্লাড লাইটের আলোয় উদ্বোধনী দিনে ৪টি দল এ টুর্নামেন্টে অংশ নেয়। খবর ইউএনএ'র।

বর্ণাঢ্য আয়োজনে রং বে রং এর এক গুচ্ছ বেলুর উড়িয়ে ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি, বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি মহিউদ্দিন দেওয়ান। স্পোর্টস কাউন্সিলের সভাপতি দুলাল মিয়া (এনাম) এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক খায়রুল ইসলাম খোকনের পরিচালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সোসাইটির ট্রাস্টি মেম্বার ও জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি বদরুল হোসেন খান, স্পোর্টস কাউন্সিলের প্রতিষ্ঠাতা সভাপতি মনজুর আহমেদ চৌধুরী, উপদেষ্টা জুনেদ আহমেদ চৌধুরী, সাবেক সাধারণ সম্পাদক রশিদ রানা, বিশিষ্ট ব্যবসায়ী সাহেল আবেদীন, বিয়ানী বাজার সমিতি ইউএসএ'র সাধারণ সম্পাদক রেজউল আলম অপু, বাংলাদেশ সোসাইটির সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ, সাবেক খেলোয়ার মখন মিয়া প্রমুখ।

উল্লেখ্য, টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শাহ নেওয়াজ গ্রুপের প্রেসিডেন্ট অ্যান্ড সিইও এবং সোসাইটির ট্রাষ্টিবোর্ডের চেয়াম্যান লায়ন শাহ নেওয়াজের টুর্নামেন্টটির আনুষ্ঠানিক উদ্বোধন করার কথা ছিল। তিনি অসুস্থতাজনিত কারণে অনুষ্ঠানে অনুপস্থিত থাকায় বাংলাদেশ সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি মহিউদ্দিন দেওয়ান আনুষ্ঠানের উদ্বোধন করেন। এসময় বিভিন্ন দলের কমৃকর্তা, খেলোয়ার ও প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন।

এবারের টুর্নামেন্টে মোট ৮টি দল অংশ নিচ্ছে। দলগুলো হলো: ব্রঙ্কস ইউনাইটেড, আইসাব, যুব সংঘ, গার্ডেন স্টেট এফসি, ফাইটারস ক্লাব, সন্দ্বীপ ইউনাইটেড, নোয়াখালী টাইগারস এবং স্পোর্টিং ক্লাব।

উদ্বোধনী দিনের খেলায় ব্রঙ্কস ইউনাইটেড ও আইসাব ম্যাচ ২-২ গোলে ড্র হলে পয়েন্ট ভাগাভাগি হয়। ফলে উভয় দল ১ পয়েন্ট করে লাভ করে। অপরদিকে গার্ডেন স্টেট এফসি ১-০ গোলে যুব সংঘকে পরাজিত করে পূর্ন পয়েন্ট লাভ করে। উভয় খেলায় ছিলো আক্রমণ পাল্টা আক্রমন।



ছবি: স্পোর্টস কাউন্সিল








ইরানের অংশগ্রহণ অনিশ্চিত ২০২৬ ফিফা বিশ্বকাপ

স্পোর্টস ডেস্ক: ফিফা বিশ্বকাপের আগামী আসর ২০২৬ সালে বসবে যুক্তরাষ্ট্রে। খেলাগুলো হবে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে। তবে মূল পর্বের বেশিরভাগ ম্যাচ, এমনকি ফাইনালও অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্রে। চলমান যুদ্ধাবস্থা, তেহরান ও ওয়াশিংটনের মধ্যে দীর্ঘদিনের রাজনৈতিক টানাপোড়েন এবং সাম্প্রতিক নিষেধাজ্ঞার কারণে যুক্তরাষ্ট্রের কড়া ভিসা নীতির কারণে বিশ্বকাপে কোয়ালিফাই করেও বড় শঙ্কায় পড়েছে ইরান। রাজনৈতিক কারণে আগে রাশিয়া ও যুগোস্লোভিয়ার মতো দলকেও আন্তর্জাতিক ফুটবল থেকে নিষিদ্ধ করেছে ফিফা ও উয়েফা। তাই ইরানকেও কি সেই একই পরিণতির মুখে পড়তে হবে- এ প্রশ্ন উঠছে ক্রীড়ামহলে।



রেকর্ড ভাঙার সামনে মেসি

স্পোর্টস ডেস্ক: রেকর্ড ভাঙা-গড়ায় যেন একজন আরেকজনকে ছাড়িয়ে যাওয়ার প্রতিযোগিতায় থাকছেন সব সময়। ক্রিশ্চিয়ানো রোনালদো এবং লিওনেল মেসি। ফিফা ব্যালন ডি'অর কিংবা ইউরোপিয়ান গোল্ডেন শু-এর ক্ষেত্রে হয়তো রোনালদোর চেয়ে অনেক এগিয়ে মেসি। তবে, গোলের নানা মাইফলকে অনেকবারই রোনালদোর রেকর্ড ভেঙেছেন মেসি। এবার আরও একটি রেকর্ড ভাঙার সামনে দাঁড়িয়ে তিনি। ক্রিশ্চিয়ানো রোনালদো এবারের ফিফা ক্লাব বিশ্বকাপে নেই। তার দল আল নাসর বিশ্বকাপে খেলার সুযোগ পায়নি। রোনালদোকে বিশ্বকাপে খেলানোর চেষ্টা করেছিল ফিফা; কিন্তু শেষ পর্যন্ত ভিন্ন কোনো ক্লাবে যোগ দেননি আর রোনালদো। যে কারণে ক্লাব বিশ্বকাপেও তার অংশ নেয়া হয়নি। রোনালদোর ক্লাব বিশ্বকাপে অংশ না নেয়াতে তার একটি রেকর্ড ভাঙার দ্বারপ্রান্তে উপনীত হয়েছেন তার চির প্রতিদ্বন্দ্বী লিওনেল মেসি।

হামজার পথ ধরে আরও অনেকেই আসছেন বাংলাদেশের ফুটবলে

স্পোর্টস ডেস্ক: প্রথম কোনো বাংলাদেশি বংশোদ্ভূত ফুটবলার হিসেবে বাফুফের সঙ্গে যোগাযোগ করেছিলেন জামাল ভূঁইয়া। ২০১৩ সালে বাংলাদেশ জাতীয় দলে অভিষেক হয় ডেনমার্কে জন্ম নেওয়া জামালের। এরপর ফিনল্যান্ডে জন্ম নেওয়া তারিক কাজী। ইংলিশ প্রিমিয়ার লিগে খেলার অভিজ্ঞতাসম্পন্ন হামজা চৌধুরীর লাল-সবুজ জার্সি গায়ে চাপানোটা অতীতের সব উচ্ছ্বাসই ছাপিয়ে গেছে। হামজা আসার আগে থেকেই অবশ্য বাংলাদেশি বংশোদ্ভূত ফুটবলাররা বিভিন্নভাবে বাফুফের সঙ্গে যোগাযোগ করে আসছিলেন বাংলাদেশের জার্সিতে খেলার। গত ২৫ মার্চ ভারতের শিলংয়ে এশিয়ান কাপের বাছাইয়ে ভারতের বিপক্ষে হামজার স্মরণীয় অভিষেকের পর এই আগ্রহ আরও বেড়েছে। বাংলাদেশের হয়ে খেলতে এখন পর্যন্ত নতুন করে ১৩টি দেশে বসবাস করা ৩২ জন বাংলাদেশি বংশোদ্ভূত ফুটবলার আগ্রহ প্রকাশ করেছেন বলে জানিয়েছেন বাফুফের সহসভাপতি ফাহাদ করিম। সবচেয়ে বেশি ১২ জন ইংল্যান্ডের। যুক্তরাষ্ট্র, কানাডা, ফ্রান্স, ইতালি, সুইডেন, পর্তুগাল, জ্যামাইকা, সোমালিয়া, স্পেন, অস্ট্রেলিয়া ইত্যাদি দেশের ফুটবলারও আছেন তালিকায়। তার মধ্যে উল্লেখযোগ্য কয়েকজন ইংল্যান্ডের করিম হাসান স্মিথ, আশিকুর রহমান, ইলমান মতিন, হারুন সালাহ, নাবিল রহমান; ফ্রান্সের ফারহান মাহমুদ, কানাডার নাবিদ আহমেদ ও যুক্তরাষ্ট্রের আমির সামি।

কুলাউড়া এসোসিয়েশনের যৌথ সভা অনুষ্ঠিত : বার্ষিক বনভোজনে ব্যাপক আয়োজনের সিদ্ধান্ত





শেষ পৃষ্ঠায় পর যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। ২২ জুন রোববার সন্ধ্যায় সভাপতি সৈয়দ ইলিয়াস খসরুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মঈনুর রহমান সুয়েবের পরিচালনায় সভার শুরুতে সম্মানীত উপদেষ্টা পরিষদের সদস্যদের ফুল দিয়ে স্বাগত জানান কার্যকরী কমিটির নেতৃবৃন্দ।

নবনির্বাচিত কার্যকরী কমিটির করনীয় বিভিন্ন বিষয় নিয়ে বক্তব্য রাখেন উপদেষ্টা পরিষদের সদস্য আবুল কালাম, ফারুক এ চৌধুরী, সিরাজ উদ্দিন আহমদ, এ এম চৌধুরী শফি, শারীরিক অসুস্থতার জন্য সভায় অনলাইনে বক্তব্য রাখেন আব্দুল জলিল, নজরুল ইসলাম, ও তজমুল আলী। কার্যকরী কমিটির পক্ষে সাংগঠনিক কার্যক্রম এর উপর বক্তব্য রাখেন সহ সভাপতি লুৎফুর রহমান, সহ সাধারণ সম্পাদক বদরুল ইসলাম মিন্টু, কোষাধ্যক্ষ ওবায়দুর রহমান কামাল, সাংগঠনিক সম্পাদক রাহাত চৌধুরী, সদস্য অলিউর রহমান, সালিক আহমদ, মতিউর রহমান মিত্তিক, ও ফারুক মিয়া প্রমুখ।





বক্তারা আগামী ১৩ জুলাই বার্ষিক বনভোজন সফল করার লক্ষ্যে বৃযাপক প্রস্তুতি সহ প্রচার ও প্রচারণা অব্যাহত রাখার মাধ্যমে প্রবাসী কুলাউড়াবাসী বৃযাপক উপস্থিতি নিশ্চিত করতে গুরুত্বারোপ করেন।

এছাড়াও নিউ ইয়র্কের বাহিরে থেকে যে সকল প্রবাসী কুলাউড়াবাসী বনভোজনে আসবেন তাদের জন্য সর্ব্বোচ্চ ও বিশেষ ব্যবস্থাপনার ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়েছে। বনভোজনে যে সকল ব্যক্তি ও প্রতিষ্ঠান আর্থিক সহযোগিতা প্রদান করছেন তাদেরকে উক্ত সভায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়।

সভাপতি আগামী ২৮ জুন বাদ মাগরিব এসোসিয়েশনের মিলাদ মাহফিলে সকলের উপস্থিতি কামনা করে এবং বনভোজন কে সফল করার লক্ষ্যে সকল প্রকার প্রস্তুতি গ্রহণ করার জন্য সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।







নিউইয়র্কসহ ২৮ স্টেটে জীবনঘাতী তাপদাহ

প্রথম পৃষ্ঠার পর বোস্টন, রিচমন্ডসহ ইস্ট কোস্টের গুরুত্বপূর্ণ সিটি গুলো সরাসরি আক্রান্ত। বিভিন্ন এলাকায় তাপমাত্রা ৯৮ থেকে ১০০ ডিগ্রি ফারেনহাইট পর্যন্ত উঠেছে, এবং উচ্চ আর্দ্রতার কারণে বাস্তবে অনুভূত হচ্ছে ১০৫ থেকে ১১০ ডিগ্রি ফারেনহাইট। নিউইয়র্কে ৭৩ বছরের রেকর্ড ভঙ্গকারী তাপদাহ শুরু হয়েছে। এই সামারে ১০০ ডিগ্রি ফারেনহাইট এর বেশি তাপদাহ পুরো সপ্তাহজুড়ে অনুভূত হবে নিউইয়র্কে। যা ১৯৫২ সালের পর সর্বোচ্চ গরম নিউইয়র্কে।

এ তাপদাহে সবচেয়ে বেশি ঝুঁকিতে শ্রমিক, কৃষিকর্মী, ডেলিভারীম্যান সহ বয়স্ক ও শিশুরা। তাপদাহ থেকে সুরক্ষায় শ্রমজীবিদের জন্য সুনির্দষ্ট কোন ব্যবস্থা নেই ফেডারেল সরকারের।

তাপমাত্রার এই ভয়াবহতা শুধু অস্বস্তি নয়, মানুষের স্বাভাবিক জীবনযাত্রাকেই বিপর্যস্ত করে তুলেছে। নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস সতর্ক করে বলেছেন, "এই তাপপ্রবাহ কেবল অস্বস্তিকর নয়, এটি মারাত্মক প্রাণঘাতীও হতে পারে।" তিনি জানিয়েছেন, প্রতিবছর গরমের কারণে গড়ে ৫০০-রও বেশি নিউ ইয়র্কার মারা যান।

নিউইয়র্ক স্টেট গভর্ণর ক্যাথি হোকুল ঘোষণা করেছেন, এই গরমে বিদ্যুৎ ব্যবস্থাপনায় চাপ পড়বে, কারণ অধিক হারে এসি ও কুলিং সিস্টেম ব্যবহার করা হবে। এজন্য বিদ্যুৎ বিভ্রাট না ঘটে সেজন্য অধিক কর্মী ও বিদ্যুৎ সরবরাহ কেন্দ্রগুলো সার্বক্ষণিক পর্যবেক্ষণ ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থা আরো জোরদার করার নির্দেশ দিয়েছেন। এছাড়ার সিটির সাবওয়ে ও বাস পরিবহন ব্যবস্থায় এসি সার্বক্ষণিক চালু থাকে ও কোন ত্রুটি থাকলে সেটি দ্রুত সারানোর ব্যবস্থার জন্য অতিরিক্ত কর্মী কাজ করছে বলে জানিয়েছে এমটিএ কর্তৃপক্ষ।





চিকাগো, ক্লিভল্যান্ড, লুইসভিল, ন্যাশভিল এবং র্যালি-সহ অনেক সিটিতে এই তাপমাত্রা কেবল দিনের বেলাই নয়, রাতেও প্রশমিত হচ্ছে না। আবহাওয়াবিদরা বলছেন, রাতের তাপমাত্রা যদি ৭৫ ডিগ্রির নিচে না নামে, তাহলে শরীর স্বাভাবিক তাপমাত্রায় ফিরতে পারে না এবং এর ফলে তাপ অসুস্থতা বা হিট স্ট্রোকে মৃত্যু পর্যন্ত ঘটতে পারে।

শুধু মানুষের স্বাস্থ্যের ওপরই নয়, তাপপ্রবাহের কারণে ক্ষতিগ্রস্ত হচ্ছে অবকাঠামোও। মিসৌরির কেপ গিরারডো সিটিতে রাস্তায় ফাটল ধরেছে। রাস্তার পিচ গরমে ফুলে ওঠে, একটি চলন্ত গাড়ি আকাশে ছিটকে পড়ে এবং ভয়াবহভাবে ভূমিতে পড়ে। এমন আরও দুর্ঘটনার আশঙ্কা করছে কর্তৃপক্ষ।

এই তাপপ্রবাহের কারণে বহু জায়গায় রাস্তা, ব্রিজসহ অবকাঠামোগত ক্ষতি দেখা যাচ্ছে। শহরগুলোতে রাস্তায় ফাটল দেখা যাচ্ছে, এবং আরও এমন দুর্ঘটনার আশঙ্কা করা হচ্ছে। মিজৌরির কেপ গিরারডোতে প্রচণ্ড গরমের কারণে রাস্তায় ফাটল ধরে একটি চলন্ত গাড়ি আকাশে উড়ে পরে সজোরে মাটিতে পড়ে যাওয়ার এক ভয়াবহ দৃশ্য ধরা পড়ে ক্যামেরায়।

নিউ ইয়র্ক, ওয়াশিংটন, ফিলাডেলফিয়া ও বোস্টনের মতো সিটিতে কয়েক দশকের মধ্যে এই প্রথম এত দীর্ঘ ও তীব্র গরম দেখা যাচ্ছে। বিশেষ করে নিউ ইয়র্ক ও ফিলাডেলফিয়ায় ২০১২ সালের পর আর ১০০ ডিগ্রির তাপমাত্রা দেখা যায়নি।

তাপমাত্রা বৃদ্ধির পাশাপাশি তীব্র আর্দ্রতার কারণে মানুষের শরীর স্বাভাবিকভাবে ঠাণ্ডা হতে পারছে না। রাতের বেলাতেও তাপমাত্রা ৭৫ ডিগ্রির নিচে না নামায় শরীর বিশ্রাম নিতে পারছে না, যা পরবর্তী দিনের জন্য স্বাস্থ্যঝুঁকি আরও বাড়িয়ে তুলছে। ফলে গরমজনিত অসুস্থতা, হিট স্ট্রোক এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে। বিশেষ করে বয়স্ক, শিশু, অসুস্থ এবং যারা বাইরে শারীরিক পরিশ্রমের কাজ করেন, তাদের ঝুঁকি সবচেয়ে বেশি।

এ অবস্থায় নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস নাগরিকদের ঘরে থাকার, পর্যাপ্ত পানি পান করার এবং কুলিং সেন্টার ব্যবহার করার আহ্বান জানিয়েছেন।

বোস্টনের মেয়র মিশেল উ শহরে 'হিট ইমার্জেন্সি' ঘোষণা করেছেন এবং লাইব্রেরি, কমিউনিটি সেন্টার, স্প্ল্যাশ প্যাড ও সুইমিং পুল উন্মুক্ত করে দিয়েছেন।

কানেকটিকাট গভর্নর নেড ল্যামন্ট 'এক্সট্রিম হট ওয়েদার প্রটোকল' চালু করে জানিয়েছেন, বয়স্ক এবং অসুস্থরা যেন বিশেষ সতর্কতা নেয়।

গবেষকরা বলছেন, তাপমাত্রা বিপজ্জনক হয়ে ওঠে শুধু গরমের কারণে নয়, বরং আর্দ্রতা, বাতাস, রোদ, ছায়া ও পরিবেশের অন্যান্য উপাদান মিলেই তৈরি করে 'Wet Bulb Globe Temperature' বা ডইএঞ নামক সূচক। একে আরও সহজ করে ব্যাখ্যা করা হয় হিট ইনডেক্স দিয়ে, যা আবহাওয়ার অ্যাপগুলোতে সহজে পাওয়া যায়। এতে দেখা যায়, ৯৬ ডিগ্রি ফারেনহাইট এবং ৪৫% আর্দ্রতা মানেই "বিপদজনক" পরিস্থিতি, যেখানে দীর্ঘক্ষণ কাজ করা বা রোদে থাকা ঝুঁকিপূর্ণ।

বিশেষজ্ঞরা বলছেন, জলবায়ু পরিবর্তনের কারণে এ ধরনের তাপপ্রবাহ এখন আগের তুলনায় আরও দীর্ঘস্থায়ী এবং তীব্র হচ্ছে। জীবাশ্ম জ্বালানি কয়লা, তেল ও গ্যাসের ব্যবহার ও শিল্প দূষণ এই প্রবণতাকে বাড়িয়ে দিচ্ছে। ইতিমধ্যে যুক্তরাজ্যেও তাপ সতর্কতা জারি করা হয়েছে।

তাপপ্রবাহ শুধু স্বাস্থ্যঝুঁকিই তৈরি করছে না, এটি কর্মক্ষমতা হ্রাস করছে, অর্থনীতিতেও প্রভাব ফেলছে। যারা বাইরে কাজ করছেন যেমন নির্মাণ শ্রমিক, কৃষিকর্মী বা রাস্তায় ডেলিভারির কাজ করেন তাদের জন্য এই গরম ভয়াবহ। কিন্তু যুক্তরাষ্ট্রের অনেক স্টেটেই শ্রমিকদের জন্য কোনও ফেডারেল পর্যায়ের তাপ সুরক্ষা আইন নেই। কেবল ক্যালিফোর্নিয়া, ওরেগন, ওয়াশিংটনসহ কিছু স্টেটই নিজস্ব নিয়ম প্রয়োগ করে থাকে।

এই পরিস্থিতিতে বিশেষজ্ঞরা ও বিভিন্ন সিটি মেয়র এবং স্টেট গভর্ণররা নাগরিকদের বলছেন, যদি ঘরে এয়ার কন্ডিশনার না থাকে, তবে নিকটস্থ পাবলিক প্লেস যেমন মুভি থিয়েটার, লাইব্রেরি বা মল-এ সময় কাটানো যেতে পারে। রাতে ঠান্ডা রাখতে বাড়ির একটি 'কুল কর্নার' তৈরি করে সেখানেই বিশ্রাম নেওয়া উচিত। এ ছাড়াও সুইমিংপুলে সময় কাটাতে পারেন নাগরিকরা।

সপ্তাহজুড়ে এই তাপপ্রবাহ অব্যাহত থাকবে বলে আবহাওয়াবিদরা জানিয়েছেন। তাই সর্বসাধারণকে পর্যাপ্ত পানি পান, সরাসরি রোদ এড়িয়ে চলা, দরকার ছাড়া বাইরে না বের হওয়া এবং আশেপাশের বয়স্ক বা অসুস্থদের প্রতি খেয়াল রাখার আহ্বান জানানো হয়েছে। রোদে বের হলে সানস্ক্রীন ব্যবহার করা উচিত।

বিশেষজ্ঞরা জানান, এই গ্রীষ্মে গরম যেন শুধুই একটি মৌসুমি বাস্তবতা নয়, বরং এক নতুন পরিবেশগত সংকেত যা আরও বড় কিছু নির্দেশ করছে: আমাদের জলবায়ু দ্রুত বদলে যাচ্ছে। সতর্কতা আর সহনশীলতার বাইরে গিয়ে এখন দরকার সচেতনতা, প্রস্তুতি এবং পরিবর্তনের জন্য পদক্ষেপ।

সহকর্মী আর শুভাকাঙ্খীদের ফুলেল শুভেচ্ছা আর উষ্ণ ভালোবাসায়

আবু তাহেরের জন্মদিন পালিত



নিউইয়র্ক (ইউএনএ): সহকর্মী আর শুভাকাঙ্খীদের ফুলেল শুভেচ্ছা আর উষ্ণ ভালোবাসায় ৫৭তম জন্মদিনে সিক্ত হয়েছেন টাইম টেলিভিশনের সিইও এবং বাংলা পত্রিকা'র সম্পাদক জনাব আবু তাহের। গত ১৯ জুন বৃহস্পতিবার ছিলো তার জন্মদিন। দিনটি স্মরণে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা পরিবারের পক্ষ থেকে আয়োজন করা হয় বার্থ ডে পার্টি। অনাড়ম্বর এই অনুষ্ঠানে জনাব আবু তাহেরকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানানোর পাশাপাশি কাটা হয় কেক। অনুষ্ঠানে মিডিয়া দুটিতে কর্মরত সাংবাদিক ও সহকর্মী সহ শুভাকাঙ্খীরা জনাব আবু তাহেরের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। খবর ইউএনএ'র।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন টাইম টেলিভিশন-এর পরিচালক (মার্কেটিং ও কমিউনিটি আউটরীচ) সৈয়দ ইলিয়াস খসরু। শুভাকাঙ্খীদের মধ্যে বক্তব্য রাখেন মর্টগেট বিশেষজ্ঞ জান ফাহিম, সিনিয়র সাংবাদিক ও লেখক সাঈদ তারেক, নিউইয়র্ক বাংলাদেশ প্রেক্লাবের সহ সভাপতি শেখ সিরাজুল ইসলাম, সাংবাদিক হাসানুজ্জামান সাকী, লেখক রূপা খানম, ফারজানা আশরাফী পলক প্রমুখ।

এছাড়াও টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা পরিবারের পক্ষ থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন টাইম টেলিভিশনের প্রতিষ্ঠাতা প্রোগ্রাম ইন চার্জ মেরী জোবায়দা, ব্রডকাস্ট ইঞ্জিনিয়ার সামিউল ইসলাম, সাবেক নিউজ প্রেজেন্টার সাদিয়া খন্দকার, টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র বিশেষ প্রতিনিধি মাহবুব রশীদ, এডমিন রাশিদা আক্তার প্রমুখ। সবশেষে ধন্যবাদ জ্ঞাপন করেন টাইম টেলিভিশন-এর হেড অব নিউজ ও বাংলা পত্রিকা'র বার্তা সম্পাদক সালাহউদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে পরিবার, সংসার আর সাংবাদিকতা জীবনের সংগ্রামী কাহিনী তুলে ধরেন জনাব আবু তাহের সহধর্মীনি, মূলধারার রাজনীতিক মেরী জোবায়দা। একজন সৎ, সাহসী ও সংগ্রামী সাংবাদিক হিসেবে জনাব আবু তাহের-কে তুলে ধরেন টাইম টিভির পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু।

অনুষ্ঠানে শুভাকাঙ্খীরা তাদের বক্তব্যে জনাব আবু তাহেরের নেতৃত্বে নিউইয়র্ক তথা উত্তর আমেরিকার বাংলাদেশী কমিউনিটির মুখপত্র হিসেবে অতীতের মতো আগামী দিনেও টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা অগ্রনী ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করেন।

অনুষ্ঠানে কমিউনিটি অ্যাক্টিভিষ্ট জাবেদ উদ্দিন, টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র বিশেষ প্রতিনিধি শাহ সুমন, টাইম টেলিভিশনের কনটেন্ট ক্রিয়েটর মোহাম্মদ নাসির উদ্দিন আদর, সাবেক ব্রডকাস্ট ইঞ্জিনিয়ার নাজিম উদ্দিন সহ অন্যান্য সহকর্মীরা উপস্থিত ছিলেন।









ইরানের ক্ষমতা পরিবর্তনের ইঙ্গিত ট্রাম্পের

প্রথম পৃষ্ঠার পর

পারে, তা হলো অসামরিক যুদ্ধ কৌশল। এর মধ্যে থাকতে পারে মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের ঘাঁটিগুলোতে আক্রমণ বা ইরানের মিত্রগোষ্ঠীগুলোর মাধ্যমে পশ্চিমা দেশগুলোতে, এমনকি যুক্তরাষ্ট্রের অভ্যন্তরেও সন্ত্রাসী হামলা।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি বলেন, যুক্তরাষ্ট্র এই হামলা চালিয়ে একটি 'খুব বড় লাল সীমা' অতিক্রম করেছে। এখন ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি যদি কোনো প্রতিক্রিয়া না জানান, তাহলে তিনি কট্টরপন্থী মহলের সমর্থন হারাতে পারেন। তাই ইরান যে পাল্টা আঘাত হানবে, সেটি অনেকটাই নিশ্চিত। তবে তা কখন হবে, তা এখনো অস্পষ্ট।

সবচেয়ে সহজ ও প্রত্যাশিত লক্ষ্য হবে মধ্যপ্রাচ্যের যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটি, যেখানে হাজার হাজার আমেরিকান সেনা অবস্থান করছেন। বাহরাইন, ইরাক, জর্ডান, কাতার, সিরিয়া ও সংযুক্ত আরব আমিরাতে যুক্তরাষ্ট্রের ঘাঁটি রয়েছে।

এ ছাড়া দূতাবাস, কূটনৈতিক ভবন ও যুক্তরাষ্ট্রের অন্যান্য স্বার্থও হামলার ঝুঁকিতে রয়েছে। এসব স্থাপনায় ইরানি ক্ষেপণাস্ত্র হামলা হতে পারে। ইয়েমেনের হুতি বিদ্রোহী বা ইরাকের শিয়া-মিলিশিয়ার মতো ইরানের মিত্রগোষ্ঠীগুলোও সেসব জায়গায় হামলা চালাতে পারে। যুক্তরাষ্ট্র ইতিমধ্যে ইসরায়েলে ভ্রমণের ক্ষেত্রে নাগরিকদের জন্য সতর্কতা জারি করেছে। ইরাক ও লেবাননের দূতাবাসগুলো বাড়তি আমেরিকান কর্মীদের দেশ ছাড়তে বলেছে।

সবচেয়ে বড় হুমকি হচ্ছে ইরাকে ইরান-সমর্থিত কাতাইব হিজবুল্লাহ। এই শিয়া-মিলিশিয়া গোষ্ঠী এর আগে আমেরিকান ঘাঁটিতে হামলা চালিয়েছে। তারা আবারও তাই করতে পারে। কাতাইব হিজবুল্লাহর নেতা আবু হুসেইন আল-হামিদাওয়ি এক সপ্তাহ আগে বলেছিলেন, 'আমেরিকা যদি এই যুদ্ধে হস্তক্ষেপ করে, আমরা তাদের স্বার্থ ও ঘাঁটিগুলোতে সরাসরি আঘাত হানব।'

পারস্য উপসাগরের অন্যান্য দেশগুলোও ইরানের নিশানায় থাকতে পারে। যেমন ২০১৯ সালের সেপ্টেম্বরে ইরান-যুক্তরাষ্ট্র উত্তেজনার সময় হুতিরা সৌদি আরবের দুটি তেল স্থাপনাড ড্রোন হামলা চালিয়েছিল। এর কিছু আগে সংযুক্ত আরব আমিরাতের উপকূলে তেল ট্যাংকারে হামলা হয়েছিল। এবারও ইরান ও তার মিত্ররা উপসাগর ও হরমুজ প্রণালিতে হামলা করতে পারে। সমুদ্র মাইন বসানো, তেল ট্যাংকার বা বাণিজ্যিক জাহাজে হামলা করে বৈশ্বিক জ্বালানি বাজারকে অস্থির করে তোলা হতে পারে তাদের কৌশল।

গত ২০ মাসে ইসরায়েলের ধারাবাহিক হামলায় ইরান-সমর্থিত গোষ্ঠীগুলো কিছুটা দুর্বল হয়ে পড়েছে। লেবাননের হিজবুল্লাহ কিছুটা ক্ষতিগ্রস্ত। তবে তাদের সামরিক ক্ষমতা পুরোপুরি শেষ হয়নি। যুক্তরাষ্ট্র সরাসরি সংঘাতে জড়ানোয় এখন ইরান এই নেটওয়ার্ক সক্রিয় করতে পারে।

অতীতে হিজবুল্লাহ লাতিন আমেরিকা ও ইউরোপে ইসরায়েলী ও ইহুদী লক্ষ্যবস্তুতে হামলা চালিয়েছে। নব্বইয়ের দশকে আর্জেন্টিনায় ইসরায়েলী ও ইহুদী কেন্দ্রগুলোতে হামলায় শতাধিক মানুষ মারা যান। ২০১২ সালে বুলগেরিয়ার বুরগাসে এক বাস বোমা হামলায় পাঁচজন ইসরায়েলী পর্যটক নিহত হন।

সাম্প্রতিক বছরগুলোতে হিজবুল্লাহ যুক্তরাষ্ট্রেও হামলার পরিকল্পনা করেছে। ২০১৭ সালে নিউইয়র্কে দুটি সামরিক ও আইনশৃঙ্খলা স্থাপনায় নজরদারির অভিযোগে দুজনকে গ্রেপ্তার করা হয়। ২০২৩ সালে নিউজার্সীর এক বাসিন্দা ১২ বছরের কারাদণ্ড পান। যদিও যুক্তরাষ্ট্রে বড় ধরনের কোনো হামলা ঘটেনি, তবু ইরান বেশ কয়েকটি গুপ্তহত্যার ষড়যন্ত্রে যুক্ত ছিল বলে মনে করা হয়। এর মধ্যে ছিল জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জন বোল্টন, মাইক পম্পেও এবং এমনকি প্রেসিডেন্ট ট্রাম্পকে হত্যার চেষ্টা।

ফলে যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সতর্ক অবস্থায় থাকতে হচ্ছে। এফবিআইয়ের পরিচালক কাশ প্যাটেল সম্প্রতি হিজবুল্লাহর স্লিপিং সেলগুলোর ওপর নজরদারি বাড়িয়েছেন।

সামরিক দিক দিয়ে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের চেয়ে অনেক এগিয়ে। ইসরায়েলী গোয়েন্দা সংস্থা ইরানের ভেতরে ঢুকে ইরানী পরমাণুবিজ্ঞানী ও নিরাপত্তা কর্মকর্তাদের লক্ষ্য করে নিয়মিত টার্গেট কিলিং করছে, যা থেকে এটা স্পষ্ট বোঝা যায়। তবে অসামরিক বা সন্ত্রাসী হামলাই ইরানের প্রকৃত শক্তি। ১৯৮৩ সালে লেবাননে ইউএস মেরিন ব্যারাকে বোমা হামলায় ২৪১ আমেরিকান সেনা নিহত হন। ১৯৯৬ সালে খোবার টাওয়ার বোমা হামলায় ১৯ জন আমেরিকন বিমানবাহিনীর সদস্য নিহত হন।

প্রেসিডেন্ট ট্রাম্পের আগের মেয়াদে তিনি কুদস ফোর্সের প্রধান কাসেম সোলাইমানিকে হত্যার নির্দেশ দিয়েছিলেন। ইরান তখন প্রতিশোধ হিসেবে কয়েক মাস ধরে ইরাকে আমেরিকান ঘাঁটিতে হামলা চালিয়েছিল। আমেরিকার বোমা হামলার পর ইরান এবারও তীব্র ও দ্রুত প্রতিক্রিয়া দেখাতে পারে।

ইরানের ক্ষমতা পরিবর্তনের ইঙ্গিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের

ইরানের পরমাণু কেন্দ্রে হামলার পর এবার দেশটিতে ক্ষমতা পরিবর্তনের ইঙ্গিত দিলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সামাজিক যোগাযোগমাধ্যম এক্স হ্যান্ডেলে এ নিয়ে নতুন এক পোস্ট করেছেন ট্রাম্প। তার জনপ্রিয় স্লোগান- মেইক আমেরিকা গ্রেট এগেইন এর আদলে ব্যবহার করেছেন 'মেইক ইরান গ্রেট এগেইন' উক্তি। তার মতে, ইরানের বর্তমান প্রশাসন যদি প্রয়োজনীয় পরিবর্তন না আনতে পারে, তবে ক্ষমতা বদল করাই দেশের জন্য ভালো। যদিও ভিন্ন কথা বলছে ট্রাম্প প্রশাসনের শীর্ষস্থানীয় কর্মকর্তারা। ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স, প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ সাফ জানিয়েছেন, ইরানের ক্ষমতা পরিবর্তনের জন্য নয় বরং দেশটির পরমাণু কর্মসূচি বন্ধ যুক্তরাষ্ট্রের লক্ষ্য।

ইরানে হামলার প্রতিবাদে নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রজুড়ে ব্যাপক বিক্ষোভ

ইরানের পরিচালিত অপারেশন মিডনাইট হ্যামার এর প্রতিবাদে যুক্তরাষ্ট্রজুড়ে ব্যাপক বিক্ষোভ দেখা দিয়েছে। নিউইয়র্ক, লস এঞ্জেলেস, ম্যাসাচুসেটস, স্যানফ্রান্সিসকো সহ বিভিন্ন শহরে রাস্তায় নেমে এসেছেন সাধারণ মানুষ। এমনকি আমেরিকান জনগণের সংখ্যাগরিষ্ঠ অংশ ইরানের সঙ্গে যুদ্ধ চায় না বলেও মন্তব্য করা হয়েছে। সিএনএন এর এক প্রতিবেদনে বলা হয়, লস অ্যাঞ্জেলেস এর কেন্দ্রস্থলে ফেডারেল বিল্ডিংয়ের সামনে জড়ো হয়ে "ইরান থেকে হাত সরাও", "যুদ্ধ নয়, চাই চাকরি ও শিক্ষা" স্লোগানে সরব হন অনেকেই। বিক্ষোভকারীদের অনেকে ইরানি বংশোদ্ভূত আমেরিকান।

ট্রাম্প-নেতানিয়াহু'র ডিলের পরেই ইরানে হামলা যুক্তরাষ্ট্রের

ইরানের ৩ টি পরমানু কেন্দ্রে যুক্তরাষ্ট্রের অভিযান অপারেশন মিডনাইট হ্যামার। কিন্তু কিভাবে ইসরায়েল যুক্তরাষ্ট্রকে এই হামলা চালাতে প্রলুব্ধ করে? এরকম একটি প্রতিবেদন প্রকাশ করেছে শীর্ষস্থানীয় সংবাদ মাধ্যম টাইম। ওই প্রতিবেদনে বলা হয়, ইসরায়েলি কর্মকর্তারা জানান, এই ডিল হবার শুরু ৪ ফেব্রুয়ারী। যখন নেতানিয়াহু হোয়াইট হাউজে প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে সাক্ষাৎ করেন। এক পর্যায়ে নেতানিয়াহু প্রেসিডেন্ট ট্রাম্পকে মনে করিয়ে দেন, ইরান এক সময় ট্রাম্পকে হত্যার ষড়যন্ত্র করেছিল। এরপর নেতানিয়াহু একটি স্লাইড উপস্থাপন করে দেখান- কীভাবে ইরান দ্রুত পারমাণবিক বোমা তৈরির দিকে এগোচ্ছে। তিনি ট্রাম্পকে বলেন, তাদের থামাতে হবে। আপনার মেয়াদে পরমাণু ইরান হতে দেওয়া যাবে না। এই কথায় ট্রাম্প প্রভাবিত হন। তবে তখনই যুদ্ধের অনুমোদন দেননি। ট্রাম্প কূটনীতির পথে সমাধান খুঁজতে চেয়েছিলেন। তার পুরোনো বন্ধু ও ব্যবসায়ী স্টিভ উইটকফকে তিনি আলোচনার জন্য নিয়োগ দেন। নেতানিয়াহু রাজি হন ৬০ দিনের সময় দিতে। ইসরায়েলি কর্মকর্তাদের দাবি, এই সময়পার হওয়ার পর যখন ইরান কোনো চুক্তিতে পৌঁছায়নি, তখন ট্রাম্পও বুঝে যান আলোচনার সুযোগ নেই। ৩১ মে-তে আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা আইএইএ- জানায়, ইরান গোপনে পারমাণবিক উপকরণ তৈরি করছে। এরপর ইসরায়েল যুক্তরাষ্ট্রের সঙ্গে গোপন গোয়েন্দা তথ্য ভাগ করে। তারা দাবি করে, ইরান আলোচনা চালিয়ে যাচ্ছিল শুধু সময়ক্ষেপনের জন্য। উদ্দেশ্য ছিল গোপনে পারমাণবিক অস্ত্র তৈরির পর্যায়ে পৌঁছানো। তবে গোয়েন্দা সংস্থা তা বিশ্বাস করেনি। মার্চে গোয়েন্দা প্রধান তুলসি গ্যাবার্ড কংগ্রেসে বলেন, ইরান এখনও বোমা বানানোর সিদ্ধান্ত নেয়নি। ৬০ দিনের সময়সীমা শেষ হওয়ার পর ইসরায়েল জানায়, তারা ইরানে হামলা চালাবে। কয়েক ঘন্টার মধ্যেই ইরান প্রতিশোধ নেয়। আর পরে যুক্ত হয় হোয়াইট হাউস। তবে অনেকেরই শঙ্কা, ইসরায়েলের সঙ্গে যুক্তরাষ্ট্র যোগ দেয়ায় সংঘাত দীর্ঘমেয়াদের দিকে এগুচ্ছে।

মৌলভীবাজার ইউনাইটেড সোসাইটি অব নিউজার্সীর বনভোজন অনুষ্ঠিত





শেষ পৃষ্ঠায় পর ফয়সল আহমেদ, মইনুল-আসাদ নেতৃত্বাধীন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি মঈনুল ইসলাম, ভাটেরা এসোসিয়েশনের সাধারণ সম্পাদক হারুনুর রশীদ, সহ সভাপতি আব্দুল জব্বার সিদ্দিকী, কুলাউড়া-বাংলাদেশী এসোসসিয়েশন অব ইউএসএ'র ওলিউর রহমান সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ আমন্ত্রিত অতিথি ছিলেন।

বনভোজনে আগত অতিথিদের স্বাগত জানান সংগঠনের সভাপতি গোলাম চৌধুরী ইস্পাহানী মাসুম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ শামীম উদ্দিন সহ কার্যকরী পরিষদের কর্মকর্তারা। বনভোজনের কর্মকান্ড পরিচালনা করেন আয়োজক কমিটির আহ্বায়ক শেখ রাজা মিয়া তালুকদার, সদস্য সচিব খসরু মিয়া, অর্থ সম্পাদক আমিনুল ইসলাম এবং সদস্য হাবিব রহমান ও ইসলাম হোসেন।



















মৌলভীবাজার ইউনাইটেড সোসাইটি অব নিউজার্সীর বনভোজন অনুষ্ঠিত













মঙ্গলবার নিউইয়র্ক সিটির প্রাইমারী নির্বাচন মেয়র পদের লড়াইয়ে কুওমো-মামদানী

প্রথম পৃষ্ঠার পর

সিনেটর জেলনর মাইরি ও জেসিকা রামোস, সিটি কাউন্সিল স্পিকার অ্যাড্রিয়েন অ্যাডামস এবং বর্তমান সিটি কম্পট্রোলার ব্র্যাড ল্যান্ডার ও সাবেক সিটি কম্পট্রোলার স্কট স্ট্রিংগার। তবে কে জিতবেন নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনে, কে হাসবেন জয়ের হাসি, এখন তা নিয়েই শহরজুড়ে জল্পনা তুঙ্গে। সব মিলিয়ে জমে উঠেছে নির্বাচন।

মঙ্গলবারের নির্বাচনে সিটি কাউন্সিল ডিষ্ট্রিক্ট ৩৯ (ব্রুকলীন) থেকে লড়ছেন বাংলাদেশী-আমেরিকান শাহানা হানিফ। তাকে সমর্থন করেছেন নিউইয়র্ক থেকে নির্বাচিত ইউএস কংগ্রেসের আলোচিত সদস্য আলেকজান্দ্রিয়া ওকাসিও-কর্টেজ ও মেয়র প্রার্থী অ্যাসেম্বলীম্যান জোহরান মামদানী সহ মানবাধিকার সংগঠন ড্রাম, অ্যালায়েন্স অব সাউথ এশিয়ান আমেরিকান লেবার (অ্যাসাল), বাংলাদেশী এডভোকেসী গ্রুপ (বাগ), বাংলাদেশী আমেরিকান ফর পলিটিক্যাল প্রোগ্রেস (বিএপিপি) সহ বিভিন্ন সংগঠন।

এছাড়াও সিটির উল্লেখযোগ্য অন্যান্য পদের প্রার্থীদের মধ্যে রয়েছেন- সিটির পাবলিক এডভোকেট পদে পুনরায় লড়ছেন জুমানী ডি উইলিয়ামস। এই পদের অন্য প্রার্থীরা হলেন- মার্টি দোলান ও জেনিফার রাজকুমার (ষ্টেট অ্যাসেম্বলীওম্যান)। সিটি কম্পট্রোলার পড়ে লড়ছেন মার্ক ডি লেভিন (ম্যানহাটার বরো প্রেসিডেন্ট), ইসমাইল মালাভে পেরেজ, জাস্টিন ব্রানান ও কেভিন এস পার্কার। সিটি কাউন্সিল সদস্য পদে (জ্যাকসন হাইটস, এলমহার্স্ট ও উডসাইড) পদে পুননরায় লড়ছেন শেখর কৃষ্ণান।

নিউইয়র্ক ষ্টেটের গভর্ণর থাকাকালীন সময়ে যৌন হয়রানির অভিযোগে পদত্যাগের পরেও সিটি মেয়র নির্বাচন ঘিরে ফের রাজনীতিতে কুওমোর প্রত্যাবর্তন আলোচনার জন্ম দিয়েছে। বিশ্লেষকরা বলছেন- তার টার্গেট ২০২৮ সালের যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন। অন্যদিকে ভারতীয় বংশোদ্ভূত প্রগতিশীল নেতা মামদানী শ্রমিক অধিকার ও ভাড়া নিয়ন্ত্রণ নিয়ে জনপ্রিয়তা অর্জন করছেন। মেয়রাল টিভি বিতর্কের আলোচনার কেন্দ্রে ছিলেন সাবেক গভর্নর অ্যান্ড্রু কুমো। নার্সিং হোমে কোভিড-১৯ মৃত্যুর তথ্য গোপন ও যৌন হয়রানির অভিযোগ নিয়ে সমালোচনার মুখে পড়েন তিনি। বিতর্কে প্রধান প্রতিদ্বন্দ্বী জোহরান মামদানী কুমোর কর্পোরেট সম্পর্ক ও শ্রমিকবিরোধী নীতির সমালোচনা করেন। কুমো নিজেকে সবচেয়ে যোগ্য নেতা দাবি করলেও, বাকিরা তার নৈতিকতা নিয়ে প্রশ্ন তোলেন। যদিও বিতর্কে নেতৃত্ব, স্বচ্ছতা ও জনগণের স্বার্থ রক্ষার অঙ্গীকার করেন প্রার্থীরা।

এদিকে নিউইয়র্ক সিটির ডেমোক্র্যাট দলীয় প্রাইমারী নির্বাচনের ঢেউ লেগেছে বাংলাদেশী কমিউনিউটিতেও। মেয়র পদের মূল দুই প্রতিদ্বন্দ্বি সাবেক গভর্নর এন্ড্রু কুওমো ও ষ্টেট অ্যাসেম্বলীম্যান জোহরান মামদানীর সমর্থনে চলছে বাংলাদেশীদেরও প্রচার প্রচারণা। প্রার্থীদের প্রত্যাশা সকলেই ভোটাধিকার প্রয়োগ করে যোগ্য প্রার্থীকে নির্বাচিত করবেন।

অপরদিকে নির্বাচন ঘিরে মূলধারার মিডিয়া সহ এথনিক মিডিয়ায় বিজ্ঞাপন প্রচার-প্রচারণার পাশাপাশি ভোটারদের ঘরে ঘরে লিফলেট, পেস্টার প্রেরণের মাধ্যমে চলছে প্রার্থীদের প্রচার-প্রচারণা। বাংলা ভাষা সহ একাধিক ভাষায় প্রিন্টেড নির্বাচনী গাইডও ভোটারদের কাছে পাঠিয়েছে এনওয়াইসি বোর্ড অব ইলেকশন অফিস।

মঙ্গলবারের (২৪ জুন) নির্বাচন ঘিরে এন্ড্রু কুওমো ৩২ বিজে এসইআইইউ (হোটেল ও পরিষেবা শ্রমিক ইউনিয়ন) এবং ১১৯৯ এসইআইইউ (স্বাস্থ্যসেবা কর্মীদের বৃহত্তম ইউনিয়ন) সহ গুরুত্বপূর্ণ শ্রমিক সংগঠনগুলো ছাড়াও সাবেক মেয়র মাইকেল ব্লুমবার্গের সমর্থন পেয়েছেন। এছাড়া সাবেক ও বর্তমান কিছু নির্বাচিত কর্মকর্তারাও তার প্রতি সমর্থন জানিয়েছেন। বিশেষজ্ঞরা বলছেন, নিউইয়র্ক সিটির ভোটব্যাংকে শ্রমিক ইউনিয়েনের বিশাল প্রভাব থাকায় এটি কুমোর জন্য বড় সুবিধা হয়ে দাঁড়াতে পারে।

অপরদিকে নিউইয়র্ক সিটির নির্বাচনে জোহরান মামদানি ব্যাপক সমর্থন পেয়েছেন। নির্বাচিত জনপ্রতিনিধিদের মধ্যে প্রবীণ রাজনীতিক ও ইউএস সিনেটর বার্নি স্যান্ডার্স ও নিউইয়র্ক থেকে নির্বাচিত ইউএস কংগ্রেসের আলোচিত সদস্য আলেকজান্দ্রিয়া ওকাসিও-কর্টেজ সহ ব্রুকলীন বরো প্রেসিডেন্ট আন্তোনিও রেনোসো, রাজ্য সিনেটর জাবারি ব্রিসপোর্ট, ক্রিস্টেন গঞ্জালেজ ও জুলিয়া সালাজার সমর্থন পেয়েছেন। এছাড়া ও সিটি কাউন্সিল সদস্য শাহানা হানিফ, জেনিফার গুটিয়েরেজ এবং স্যান্ডি নার্সও তাকে সমর্থন করেছেন। শ্রমিক সংগঠনগুলোর মধ্যে ডিষ্ট্রিক্ট কাউন্সিল ৩৭, ইউনাইটেড অটো ওয়ার্কার্স রিজিওন ৯এ এবং পেশাদার স্টাফ কংগ্রেস মামদানির পক্ষে দাঁড়িয়েছে। প্রগতিশীল সংগঠনগুলোর মধ্যে নিউইয়র্ক সিটি ডেমোক্র্যাটিক সোশ্যালিস্টস অফ আমেরিকা, নিউইয়র্ক ওয়ার্কিং ফ্যামিলিজ পার্টির সমর্থনে এসেছে তার।

সিনেটর বার্নি স্যান্ডার্স ১৭ জুন মঙ্গলবার এক বিবৃতিতে বলেন, 'তাদের নতুন রাজনীতি ও নেতৃত্বের প্রয়োজন, যা জনগণের জন্য কাজ করবে।' মেয়র পদপ্রার্থী মামদানী হচ্ছেন নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলীর সদস্য। তিনি তার নির্বাচনী প্রচারণায় বিনামূল্যে গণপরিবহন, ভাড়া স্থগিতকরণ এবং নগর পরিচালিত মুদি দোকান প্রতিষ্ঠার মতো প্রগতিশীল নীতির প্রতিশ্রুতি দিয়েছেন। তার এই উদ্যোগগুলো তাকে প্রগতিশীল সমর্থকদের মধ্যে জনপ্রিয়তা এনে দিয়েছে।

মামদানির সমর্থকরা বলছেন. নিউইয়র্কের খেটে খাওয়া এবং শ্রমজীবী মানুষের অধিকার রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ। তার নির্বাচনী পরিকল্পনাগুলোর মধ্যে সিটির বাসে চলাচল ফ্রি করা, রেন্ট স্ট্যাবিলাইজড ইউনিটের রেন্ট ফ্রিজ করা এবং চাইল্ড কেয়ার ফ্রি করা অন্যতম।

নিউইয়র্ক সিটির ডেমোক্র্যাট দলীয় নির্বাচন নিয়ে রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, সমর্থনের এই প্রাথমিক চিত্র কেবলই নির্বাচনের দিকনির্দেশনা। সমর্থনের এই চিত্র নির্বাচনের গতিপ্রকৃতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করছেন। বিশ্লেষকরা চূড়ান্ত ফলাফল নির্ভর করবে জনগণের সঙ্গে প্রার্থীদের সরাসরি সংযোগ, ইস্যু ভিত্তিক প্রচারণা এবং মাঠ পর্যায়ের সংগঠনের দক্ষতার ওপর। বিশেষ করে মাইগ্র্যান্ট, শ্রমজীবী এবং তরুণ ভোটারদের ভূমিকা এবারের নির্বাচনে গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে।

উল্লেখ্য, বিগত মেয়র নির্বাচনে বর্তমান মেয়র এরিক অ্যাডামস ডেমোক্র্যাট দলীয় প্রার্থী হয়ে প্রথমবারের মতো মেয়র নির্বাচিত হন। এবারের নির্বাচনে তিনি রিপাবলিকান অথবা স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করবেন। এছাড়াও জিম ওয়ালডিন স্বতন্ত্র প্রার্থী হিসেবে মেয়র পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন। অপরদিকে রিপাবলিক্যান পার্টির মেয়র পদের প্রার্থী হচ্ছেন সাবেক মেয়র প্রার্থী কার্টিজ স্লীওয়া। চলতি বছরের আগামী ৪ নভেম্বর, মঙ্গলবার মেয়র পদের মূল নির্বাচন অনুষ্ঠিত হবে।

এন্ড্রু কুওমোর সংক্ষিপ্ত পরিচিতি: এন্ড্রু কুওমোর ১৯৫৭ সালে ৬ ডিসেম্বর। এখন তার বয়স ৬৭ বছর। তিনি ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি ও অলবেনি ল থেকে জুরিস ডক্টর ডিগ্রি লাভ করেন। তার পিতা মারিও কোমোর গভর্নর নির্বাচনে ক্যাম্পেইন ম্যানেজার হিসাবে দায়িত্ব পালন করতে গিয়ে এন্ড্রু কুওমো রাজনীতির খাতায় নাম লেখান। গভর্ণর হিসেবে মারিও কোমোকে জিতিয়ে দিলেও তিনি তার বাবার প্রশাসনে যোগ না দিয়ে প্রাইভেট প্র্যাকটিস শুরু করেন এবং নিউইয়র্ক সিটির হোমলেস কমিশনের চেয়ার হন। প্রেসিডেন্ট বিল কিনটন এন্ড্রু কুওমো-কে তার প্রশাসনে ডিপার্টমেন্ট অব হাউজিং এন্ড আরবান ডেভেলপমেন্ট-এর এ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি নিয়োগ দেন। ২০০২ সালে গভর্নর নির্বাচনে দাঁড়ালেও জয় পাননি তিনি। তবে ২০০৭ থেকে ২০১০ সাল পর্যন্ত তিনি নিউইয়র্ক স্টেটের ৬৪তম নির্বাচিত এটর্নি জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে ২০১১ সালের নির্বাচনে নিউইয়র্কের ৫৬তম গভর্ণর হিসেবে নির্বাচিত হন এবং পদত্যাগের আগ পর্যন্ত (২০২১) গভর্ণর হিসেবে দায়িত্ব পালন করেন।

কুইন্সে সাবওয়ে ট্রেনে

প্রথম পৃষ্ঠার পর

নাভেদ। নাভেদ দুর্নি ওই সময় হিজাব পরা ওই নারীকে জিজ্ঞেস করেন তিনি কোথা থেকে এসেছেন এবং তিনি কি মুসলিম কিনা। ওই নারী নিজেকে মুসলিম বলে পরিচয় দিলে, নাভেদ তাকে একাধিকবার চড়-ঘুষি মারেন এবং পায়ের বুট দিয়ে মুখে আঘাত করেন। এ হামলায় ওই নারীর চোখের চারপাশের হাড় এবং নাকের হাড় ভেঙে যায়। ঘটনার পর নাভেদ সাবওয়ে থেকে বের হয়ে পালিয়ে যাওয়ার সময় পুলিশের একটি দল কয়েক ব্লক দূরে গিয়ে তাকে আটক করে।

এদিকে ওই নারীকে উদ্ধার করে স্থানীয় একটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে তিনি চিকিৎসারত আছেন।

নাভেদের বিরুদ্ধে ঘৃণামূলক অপরাধ হিসেবে তিনটি হামলার অভিযোগ এবং দুটি গুরুতর হয়রানির অভিযোগ আনা হয়েছে। সর্বোচ্চ অভিযোগে দোষী সাব্যস্ত হলে তাকে ২৫ বছর পর্যন্ত কারাদণ্ড ভোগ করতে হতে পারে।

প্রসিকিউটররা জানান, নাভেদকে সোমবার আদালতে হাজির করা হবে।


ZOHRAN MAMDANI
মেয়র পদপ্রার্থী
VOTE JUNE 24
ভোট দিন ২৪ জুন
RANK ZOHRAN #1
FOR A SAFE AND AFFORDABLE NEW YORK
নিরাপদ ও সাশ্রয়ী নিউ ইয়র্কের জন্য
Zohran-কে ১ নম্বরে রাখুন
ZOHRANFORNYC.COM
PAID FOR BY ZOHRAN FOR NYC, A CANDIDATE FOR NYC MAYOR



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইল পবিত্র ঈদুল আযহার শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য আর এই ইমিগ্রেশন বিষয় যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত এই বিভাগ আপনাদের জন্য। এ কারণেই এই বিভাগের মাধ্যমে আপনারা এতোটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হব।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

"গোল্ড কার্ডের" পরিবর্তে ট্রাম্প কার্ড চালূ হয়েছেঃ

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, গত ১১ জুন বুধবার ঘোষণা করেছেন যে, পূর্বের ৫ মিলিয়ন ডলার নতুন বিনিয়োগ ভিসা প্রোগ্রাম ওয়েটিং লিস্টে আছে। এখন থেকে এটাকে "ট্রাম্প কার্ড" বলা হবে। যার নাম এর পূর্বে "গোল্ড কার্ড" ছিলো।

শুরুতে এটাকে বলা হতো "ট্রাম্প কার্ড"। যা এ বছরের শুরুতে প্রবর্তন করা হয়। বলা হয় যে, এই প্রোগ্রামের আওতায় পার্মান্টে রেসিডেন্সি, ওয়ার্ক অথরাইজেশন দেয়া হয় এবং এই পথ ধরে বড় বড় বিনিয়োগ কর্মসূচিতে ইউএস সিটিজেনশীপ দেয়া হবে।

নতুন ওয়েব সাইট, ট্রাম্প কার্ড, গত-এ ভিজিটররা এখন থেকে তাদের নাম, অঞ্চল, ইমেইল এবং তারা ব্যক্তিগত বা ব্যবসায়ী হিসেবে আবেদন করেছেন কিনা তা রেজিস্টার করতে পারেন। এই সাইটটি খোলার সঙ্গে সঙ্গে তা সবাইকে জানিয়ে দেয়। তবে যোগ্যতা সময় বা এই কর্মসূচিতে আবেদনের প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত প্রকাশ করা হয় না।

গোল্ড কার্ড অথবা ট্রাম্প কার্ড কী?

প্রস্তাবিত গোল্ড কার্ড বর্তমান ইবি-৫ ইমিগ্রান্ট বিনিময় প্রোগ্রামের বিকল্প হিসেবে কাজ করবে। যা বিনিয়োগকারীদের বৈধ পার্মানেন্ট রেসিডেন্সি মঞ্জুর করবে তাদের যারা ইউএস অর্থনীতিতে ১,০৫০,০০০ ডলার (১০ লাখ ৫০ হাজার ডলার) (বা ৮ লাখ ডলার নির্দিষ্ট কর্মসংস্থান অঞ্চলে) অবদান রাখতে সক্ষম হবে। "ট্রাম্প কার্ড"র জন্য প্রয়োজন ৫ মিলিয়ন ডলার ন্যূনতম।

কমার্স সেক্রেটারি হাওয়ার্ড লুটনিক বলেছেন, এই কর্মসূচিতে সুদের হার চড়া। তিনি বলেছেন, সম্প্রতি মিডল ইস্ট (মধ্যপ্রাচ্য) সফরকালে তিনি ইতিমধ্যেই সম্ভাবনাময় বিনিয়োগকারীদের মধ্যে এই কর্মসূচির আকর্ষণীয় দিকগুলো তুরে ধরেছেন। এই উদ্যোগের যারা সমর্থক তারা বলেছেন, কর্মসূচিটি ধনশালী বিনিয়োগকারীদের আকৃষ্ট করবে যারা ইউএসএ'র অর্থনীতিতে অবদান রাখতে বিনিময় যখন ইমিগ্রান্ট হওয়ার অন্যঅন্য পথ রুদ্ধ হয়ে আসচে, সে সময়ে বিকল্পভাবে ইমিগ্রান্ট হওয়ার পথ খুলে যাচ্ছে।

আইনগত প্রশ্নঃ ইমিগ্রেশন আইন বিশেষজ্ঞরা কংগ্রেসে অনুমোদন ছাড়াই এরকম ভিসা প্রবর্তন করার বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছেন। সম্পূর্ণ নতুন ইমিগ্রেশন লাভের এই পন্থা বৈধতা প্রাপ্তির জন্য কংগ্রেস দ্বারা প্রবর্তিত আইন আবশ্যক। এখন পর্যন্ত এমন কোন আইন প্রবর্তনের কথা জানা যায় নাই।

ইমিগ্রেশন প্রশ্নে গ্রেফতারের বিরুদ্ধে প্রতিবাদঃ ইউএস সংবিধান সকলের বাক-স্বাধীনতা ও সমাবেশের স্বাধীনতা বিপুলভাবে সংরক্ষণ করে। তবে, বিদেশি নাগরিকদের খুব সচেতন থাকতে হবে যে, প্রতিবাদ সমাবেশে অংশনিতে গিয়ে তাদের ইমিগ্রেশন স্ট্যাটাসকে ক্ষতিগ্রস্থ করে কিনা।

পরিবেশ যদি ঝুঁকিপূর্ণ বা অস্বস্তিদায়ক হয় তবে প্রদিবাদ সমাবেশে অংশ নেয়ায় ইমিগ্রেশন স্ট্যাটাসকে ক্ষতিগ্রস্থ করতে পারে। সেক্ষেত্রে কারো প্রতিবাদে অংশ না নেয়াই ভালো। রাস্তায় প্রতিবাদ করার বাইরেও আরো অনেক সামাজিক আন্দোলন আছে যেখানে অংশ নেয়া যায়। স্থানীয় প্রতিনিধিদের সঙ্গেও কাজ করা যায়।

সোসাল মিডিয়া সম্পর্কে সাবধান থাকাঃ অন লাইনে প্রতিবাদ সংশ্লিষ্ট কোন ফটো, ভিডিও বিবৃতি দেয়ার ব্যাপারে সতর্ক থাকতে হবে। ইমিগ্রেশন কর্মকর্তারা ভিসা নবায়নের সময় সোসাল মিডিয়া রিভিউ করতে পারে। অন লাইনে এসব কর্মকাণ্ড স্ক্রুটিসি হতে পারে। ইমিগ্রেশন কর্মকর্তারা ভিসা নবায়নের সময় সোসাল মিডিয়া রিভিউ করতে পারে। এছাড়া স্ট্যাটাস এডজাস্টমেন্ট অথবা প্রসিডিং রিকভালের জন্য তারা আপনার সোসাল মিডিয়া চেক করতে পারেন।

উপসংহারঃ পরিবেশ পরিস্থিতি যদি ঝুঁকিপূর্ণ বা অস্বস্থিপূর্ণ মনে হয়, তবে নিজেকে প্রতিবাদ সমাবেশ থেকে নিবৃত রাখা ভালো। রাস্তায় প্রতিবাদ করার বাইরেও আরো পথ আছে– সামাজিক আন্দোলনে দেয়া যায়। বিভিন্ন শিক্ষামূলক বা স্থানীয় প্রতিনিধিদের সাথে কাজ করা যায়।

জুন ২০২৫ ভিসা বুলেটিন:

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) জুলাই ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে জুলাই ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করা হলো।

উল্লেখ্য যে, 'ফাইনাল অ্যাকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ নির্ণয় হবে এর পূর্বে।

জুলাই ২০২৫ এর সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ক্যাটাগরিতে অল্প কিছুটা অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেসঃ

প্রথমঃ (এফ ১): ইউ এস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যাঃ জুলাই ১৫, ২০১৬।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস। স্বামী/স্ত্রী, সন্তান- অবিবাহিত পুত্র কন্যা।

এ. (এফ ২ এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান। সেপ্টেম্বর ০১, ২০২২।

বি. (এফ ২ বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সী)। অক্টোবর ১৫, ২০১৬।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্রকন্যাঃ আগস্ট ০১, ২০১১।

চতুর্থঃ (এফ ৪)ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাইবোনঃ জানুয়ারী ০১, ২০০৮।

পারিবারিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমরা সব সময় যে পরামর্শ দিয়ে থাকি তা হচ্ছে যে– এ বিষয়ে যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন ইমিগ্রেশন এটর্নীর সাথে যোগাযোগ করতে পারেন

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com



PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

আজই ভোটার হিসেবে নিবন্ধন করুন

আপনার ভোট গুরুত্বপূর্ণ



ভোট দেওয়ার জন্য কীভাবে নিবন্ধন করবেন:

অনলাইনে নিবন্ধন করতে e-register.vote.nyc দেখুন

আপনি ডাকযোগে নিবন্ধন করতে পারেন অথবা জমা দিতে পারেন। আপনি ডাকঘর বা নির্বাচন অফিস থেকে ভোটার নিবন্ধন ফর্ম পেতে পারেন, তারপর আপনি এটি ডাকযোগে পাঠাতে পারেন অথবা আপনার স্থানীয় নির্বাচন বোর্ডে জমা দিতে পারেন।

জুনের প্রাথমিক নির্বাচনে ভোট দেওয়ার জন্য আপনাকে ডেমোক্র্যাট বা রিপাবলিকানদের মতো কোনও দলের সাথে নিবন্ধিত হতে হবে।

প্রাইমারি নির্বাচনের দিন


২৪ জুন

নিবন্ধনের শেষ দিন ১৪ জুন

DRUM
DESIS RISING UP AND MOVING

আরও তথ্যের জন্য কল নম্বর ৩৪৭-৯৬৫-৩১৯৪ ইমেল নম্বর kazi@drumnyc.org
www.DrumBeatsNYC.org

মেলা মেলা মেলা



Chief Guest & Inaugurator
DR. SIR ABU ZAFAR MAHMOOD
Global Peach Ambassador, UN
Renowned Freedom Fighter
CEO & President
Majestic Touch Home Care Inc.
Abu Zafar Mahmood Foundation
Joy Bangladesh Inc.
Peoples United for Progress

বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন আয়োজিত
MAJESTIC TOUCH STREET FAIR 2025
১০ম বাংলা মেলা ২০২৫
সাত সমুদ্র তের নদী বাঙালিয়ানা নিরবধি

ALEGRA HOME CARE INC. | PEOPLES UNITED PROGRESS | Abu Zafar Mahmood Foundation | জয় বাংলাদেশ

ভেন্যু: জেরেগা এভিনিউ
2425 Waterbury Ave, Bronx, NY 10462
